ইস্যু নং ৬৪৪৪
ষ্ট্যাম্প, কোর্টফি ও
শুল্ক নগদ্যারিত।

১৯৯৪ ইং কোম্পানী আইনের ২৮নং ধারার অধীন

# Interior Designers Association of Bangladesh

এর

# সংঘস্মারক ও সংঘবিধি

ঢাকা
অবিকল নকল বলিয়া
প্রত্যায়িত করা হইল
(অনন্ত কুমার পাল)
সহকারী রেজিস্ট্রার (চলতি দায়িত্ব)
রেজিস্ট্রারের পক্ষে
লেখক ও পাঠক
27 AUG 2024

# ১৯৯৪ সালের কোম্পানী আইনের ২৮নং ধারার অধীন নিবন্ধিত

## Interior Designers Association of Bangladesh-এর সংঘ স্মারক

১. এসোসিয়েশনের নাম: **Interior Designers Association of Bangladesh**

২. এসোসিয়েশনের নিবন্ধিত কার্যালয় বাংলাদেশে অবস্থিত থাকিবে।

৩. এসোসিয়েশনের লক্ষ্য ও উদ্দেশ্য হইবে নিম্নরূপঃ

ক) বাংলাদেশের যে কোন অঞ্চলে Interior Designers ব্যবসায়ীগণের সার্বিক বাণিজ্যিক স্বার্থ সম্পর্কে সরকারী আদেশ মোতাবেক স্বার্থ সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ, সতর্ক দৃষ্টি রাখা ও সামগ্রিক ব্যবসায়িক উন্নতি সাধনের কার্যক্রম গ্রহণ করা। এই এসোসিয়েশন, রাষ্ট্রনীতি এবং সামগ্রিক জনস্বার্থ বিবেচনায় রেখে কার্যক্রম পরিচালনা করিবে এবং এমন কোন কার্যক্রমের আয়োজন অথবা অংশ গ্রহণ বা সমর্থন করিবেনা যাতে রাষ্ট্রীয় এবং সামাজিক শান্তিশৃংখলা বিঘ্নিত হয়।

খ) Interior Designers -দের মধ্যে সমন্বয় সাধন করা।

গ) Interior Designers -দের ব্যবসা সংক্রান্ত সকল তথ্য ও খবরাখবর সদস্যদের মধ্যে প্রচার করা।

ঘ) Interior Designers -ব্যবসায়ীগণের সুবিধা ও উন্নয়নের জন্য বিধি বিধান গ্রহণ বা প্রণয়নে সরকারের সহযোগিতা করা।

ঙ) বিভিন্ন জার্নালসমূহ, বই, ম্যাগাজিন এবং অন্যান্য ধরণের প্রকাশনাসমূহে বাংলাদেশের ব্যবসা সংক্রান্ত আর্টিকেল প্রকাশ করা।

চ) Interior Designers -ব্যবসার সহিত সংশ্লিষ্ট অন্যান্য এসোসিয়েশনসমূহের মধ্যে আন্তরিক ও সৌহার্দপূর্ণ সম্পর্কের উন্নয়ন সাধন করা।

ছ) Interior Designers -ব্যবসায়ীগণের ন্যায্য দাবী ও শর্তসমূহ সরকারের নিকট পেশ করা।

জ) অনৈতিক ব্যবসায়ী সুলভ আচরণসমূহ-কে জাতীয় স্বার্থে নির্মূল করার উদ্দেশ্য সক্রিয়ভাবে কাজ করা।

ঝ) ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি (এফবিসিসিআই)-তে সদস্য পদ গ্রহণ এবং এসোসিয়েশনের লক্ষ্যসমূহকে এগিয়ে নিতে পারে এমন তথ্যসমূহ সংগ্রহ করিয়া সদস্যগণের মধ্যে বিতরণ করা।

ঞ) এসোসিয়েশনের লক্ষ্য সমূহ বজায় রাখিয়া উন্নয়ন সাধনের উদ্দেশ্যে যে কোনরূপ অনুদান ইত্যাদি গ্রহণ করা এবং এসোসিয়েশন যদি আবশ্যক মনে করে সেরূপ উদ্দেশ্যে তহবিল সৃষ্টি করা;

ট) এসোসিয়েশনের জন্য যে কোন ভূমি বা দালান খরিদ বা অন্য সূত্রে লাভ করা অথবা উক্ত অঙ্গনে দালান বা দালানসমূহ এসোসিয়েশনের নিমিত্তে নির্মাণ করা।

ঠ) এই খাতের বিষয়ে সরকারী নীতিসমূহ পর্যালোচনা এবং সরকারকে নীতি প্রণয়নে সহায়তা প্রদান করা।

ড) এসোসিয়েশন অথবা উহার সদস্যভুক্ত যে কোন প্রতিষ্ঠানের স্বার্থ সংরক্ষণ সংক্রান্ত যে কোন বিষয়ে চূড়ান্ত নিষ্পত্তির লক্ষ্যে সমিতি, সরকার অথবা জাতীয়, প্রতিষ্ঠান সিটি কর্পোরেশন, মিউনিসিপ্যাল কর্পোরেশন ও অনুরূপ অন্যান্য প্রতিষ্ঠানের সহিত যোগাযোগের মাধ্যমে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা। এসোসিয়েশনের স্বার্থে প্রত্যক্ষ অথবা পরোক্ষভাবে এসোসিয়েশনের সদস্যভুক্ত কোম্পানীর স্বার্থের পরিপন্থি যদি কোন আইন প্রণয়ন অথবা প্রণয়নের সম্ভাবনা প্রতিয়মান হয়, এ ধরনের ক্ষেত্রে প্রতিনিধি প্রেরণ করতঃ যথাযথ ব্যবস্থা গ্রহণ করা।

ঢ) এসোসিয়েশনে লক্ষ্যসমূহ অথবা উহার কোন অংশে লক্ষ্যরূপে নির্ধারণ করিয়াছে এরূপ অন্যান্য সোসাইটি, সমিতি, ফার্ম, কর্পোরেশন, কোম্পানি, পার্টনারশীপ ফার্ম অথবা ব্যক্তিগণকে সহায্য প্রদান করা অথবা তাহাদের নিকট হইতে অনুরূপ সাহায্য গ্রহণ করা।

ণ) এসোসিয়েশনের তহবিল হইতে উন্নয়ন স্থাপন এবং রেজিষ্টেশনের সকল ব্যয়, চার্জ এবং খরচসমূহ প্রদান করা।

ত) Interior Designers -গণের ব্যবসা বানিজ্যের সমন্বয় এবং সুরক্ষার উদ্দেশ্যে সরকারী এবং অনুরূপ অন্যান্য সংস্থার সহিত বাংলাদেশ এবং বাংলাদেশের বাহিরে অনুরূপ সংস্থার সহিত যোগাযোগস্থাপন করা।

৪. (ক) সদস্যদের জীবন মানের উন্নয়নের জন্য পেশাগত দক্ষতা বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ যে কোন ব্যবস্থা গ্রহণ করিবে।

(খ) সদস্যদের কল্যাণের জন্য তহবিল গঠনের উদ্দেশ্যে সদস্যদের মধ্যে বা সদস্য বহির্ভূত যে কোন সংস্থা বা ব্যক্তির নিকট হইতে অনুদান গ্রহণ এবং যে কোন প্রকার ব্যবস্থা গ্রহণ করার নিমিত্তে উক্ত তহবিল পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত মোতাবেক ব্যবহৃত হবে।

মাসরিন
০৪/০৯/২০২৪
মাসরিন সুলতানা
প্রশাসনিক কর্মকর্তা
বাণিজ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

(অনন্ত কুমার পাল)
সহকারী রেজিস্ট্রার (চলতি দায়িত্ব)
রেজিস্ট্রারের পক্ষে
লেখক ও পাঠক।
27 AUG 2024

(গ) দেশী বিদেশী তফসিলি ব্যাংক/বানিজ্যিক ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান/সংস্থা থেকে সদস্যরা ব্যবসায়ীক প্রয়োজনে ঋণ গ্রহণের মাধ্যমে তাদের ব্যবসা সম্প্রসারণ করতে পারবেন। এ বিষয়ে সাহায্য সহযোগিতা করা।

(ঘ) সদস্যগণের মধ্যে এসোসিয়েশনের বিস্তৃতি ঘটানোর উদ্দেশ্যে বিনামূল্যে কোন বই অথবা প্রকাশনা বিতরণ করা।

(ঙ) এসোসিয়েশন পরিচালনা পর্ষদের সদস্য সমিতির স্বার্থে দায়িত্ব পালন করিতে বাধ্য থাকিবেন। কিন্তু কোন বেতন-ভাতা নিতে পারবেন না।

৫. সদস্যগণের দায়-দায়িত্ব গ্যারান্টি দ্বারা সীমিত থাকিবে।

৬. এসোসিয়েশনের সংঘ-স্মারকের যে কোন ধরনের পরিবর্তন, সংশোধন ও পরিবর্ধন অতিরিক্ত সাধারণ সভার উপস্থিত তিন-চতুর্থাংশ সদস্যদের সংখ্যাগরিষ্ট ভোটে প্রয়োজনীয় সংশোধন করা যাবে। তবে সংশোধনীগুলো অবশ্যই সরকারের পূর্বানুমোদন সাপেক্ষে ব্যবসায়িক স্বার্থে হতে হবে।

৭. কোম্পানির প্রত্যেক সদস্য এতদ্বারা অঙ্গীকার করিতেছেন যে, তিনি সদস্য থাকাকালীন সময়ে অথবা তাহার সদস্যপদ সমাপ্তির পরবর্তী এক বৎসরের মধ্যে কোম্পানির অবলুপ্তি ঘটিলে, ইহার অবলুপ্তির পূর্ব পর্যন্ত কোম্পানীর যে সকল ঋণ ও দায়-দায়িত্ব থাকিবে উহা পরিশোধের জন্য এবং কোম্পানীর অবলুপ্তির ব্যয় এবং এতদসংক্রান্ত চার্জ পরিশোধের জন্য এবং প্রদায়কগণের পারস্পরিক স্বীকার সমন্বয় সাধনের জন্য যে অর্থের প্রয়োজন হইবে সে অর্থ সংস্থানের উদ্দেশে অনধিক ১০,০০০/- (দশ হাজার) টাকা পরিমান কোম্পানীর পরিসম্পাদ প্রদান করিতে প্রত্যেক সদস্য বাধ্য থাকিবে।

৮. অবসায়নঃ

এসোসিয়েশন-এর তিন চতুর্থাংশ সদস্যদের ভোটে গৃহীত সিদ্ধান্ত মোতাবেক এসোসিয়েশনের অবসায়ন ঘটিবে এবং সাধারণ সভায় গৃহীত প্রস্তাবনাবলী এক কপি কোম্পানী আইন পূর্বানুমোদন-এর জন্য ট্রেড অর্গানাইজেশন আইন দৃষ্টে উপর্যুক্ত ব্যবস্থা গ্রহণ করিতে ও নিবন্ধক, যৌথ মূলধন কোম্পানী ও ফার্মসমূহের পরিদপ্তর নিকট দাখিল করিতে হইবে। অবসায়ন ঘটার পূর্বে অডিট নিস্পত্তি করা বাধ্যতামূলক। সকল দায় মিটানোর পর অবশিষ্ট টাকা এবং সম্পদ মূল্যায়নের পর নীট অবশিষ্ট সম্পদ এবং নগদ অর্থ বিষয়ের সিদ্ধান্ত গ্রহণের জন্য একটি সুপারিশ কমিটি গঠিত হইবে। কমিটির সুপারিশের প্রেক্ষিতে কোম্পানী আইন ১৯৯৪ এর আলোকে সাধারণ সভায় চূড়ান্ত সিদ্ধান্ত গৃহিত হইবে।

নাসরিন
০৪/০৭/২০২৪
নাসরিন সুলতানা
প্রশাসনিক কর্মকর্তা
বাণিজ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

ঢাকা
অবিকল নকল বলিয়া
প্রত্যায়ন করা হইল
(অনন্ত কুমার পাল)
সহকারী রেজিস্ট্রার (চলতি দায়িত্ব)
রেজিস্ট্রারের পক্ষে
লেখক ও পাঠক
27 AUG 2024

আমরা নিম্নস্বাক্ষরকারীগণ যাহাদের নাম ও ঠিকানা দেওয়া হইল সকলে একত্রিত হইয়া উপরিল্লেখিত সংঘ স্মারক অনুসারে Interior Designers Association of Bangladesh গঠনে সম্মত হইয়া নিজ নিজ স্বাক্ষর প্রদান করিলাম:

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>নাম-ঠিকানা ও টিআইএন</th><th>ছবি</th><th>স্বাক্ষর</th></tr>
<tr><td>০১.</td><td>শফিউল ইসলাম<br>পোর্চ ইন্টেরিয়র<br>৫২৬ উত্তর শাহাজাহান পুর, ঢাকা-১২১৭<br>টিআইএন: ৪৭৪৭২২২৭১১৪৭<br>এনআইডি: ৯১৩৩৭৬৫১৫৭<br>ফোন: ০১৭১১৫৪০৯৮৯<br>ই-মেইল: shafi.babu.my@gmail.com</td><td></td><td>Sd/-Illegible</td></tr>
<tr><td>০২.</td><td>সৈয়দ কামরুল আহসান<br>এলকোড<br>৮৯/২ তেজতুরী বাজার চকপোল, পূর্ব রাজা বাজার।<br>ফ্ল্যাট -৫/এ হক চেম্বার, ঢাকা।<br>টিআইএন: ১২৪২১৪৮০৩৫৬৬<br>এনআইডি: ১৯২৩৭৫৬৮৯২<br>ফোন: ০১৭১৩০৪০৫০৬<br>ই-মেইল: quamrul777@gmail.com</td><td></td><td>Sd/-Illegible</td></tr>
<tr><td>০৩.</td><td>আর্কিটেক্ট মোঃ সজিব জাহান<br>ডি ডাব্লিউ এল<br>বাড়ী- ৩৯, রোড-৩৭, গুলশান-২, ঢাকা।<br>টিআইএন: ২৮১৪২৮৫৭৭৯২৮<br>এনআইডি: ১৯৮২৬৭২৫৮১৯৩১৩৩৪৪<br>ফোন: ০১৭৩৩৪০০০৫৪<br>ই-মেইল:dwlbd.arch@gmail.com</td><td></td><td>Sd/-Illegible</td></tr>
<tr><td>০৪.</td><td>মোঃ সাইফুল ইসলাম<br>ক্রিয়েটিভ সার্কেল লিঃ<br>১ম শহীদ তাজউদ্দিন আহমেদ সরণী রাজ্জাক প্লাজা (৪র্থ তলা), ৪ বি মগবাজার, ঢাকা।<br>টিআইএন: ২৬০১৫৬২৯০২৭৯<br>এনআইডি: ২৬৯৪৮১৪৯০৪০৭৮<br>ফোন: ০১৭২২৫৪৯৩৬<br>ই-মেইল:creativecircleltd@gmail.com</td><td></td><td>Sd/-Illegible</td></tr>
<tr><td>০৫.</td><td>মোহাম্মদ আমিনুল ইসলাম সিকদার<br>আর্কেডিয়া<br>৭৫, শিরপুর রোড, বি এস ভবন (ল্যাবরেটরি রোড), ঢাকা।<br>টিআইএন: ২৩০৩২০৩৯০৭৪৬<br>এনআইডি: ২৬১১০৩৮৭৯২২১৫<br>ফোন: ০১৭১১০১৯৮০<br>ই-মেইল: readia.interior@gmail.com</td><td></td><td>Sd/-Illegible<br>নাসরিন<br>০৪/০৭/২০২৪<br>নাসরিন সুলতানা<br>প্রশাসনিক কর্মকর্তা<br>বাণিজ্য মন্ত্রণালয়<br>বাংলাদেশ সচিবালয়, ঢাকা</td></tr>
</table>

ঢাকা
অবিকল নকল বলিয়া প্রত্যায়ন করা হইল
সহকারী রেজিস্ট্রার (চলতি দায়িত্ব)
রেজিস্ট্রারের পক্ষে।
লেখক ও পাঠক।
27 AUG 2024

FIDUL ISLAM
Advocate
... Association

| ক্রম নং | নাম-ঠিকানা ও টিআইএন | ছবি | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০৬. | মোঃ পিয়া সরকার<br>কনসেন্ট ইন্টেরিয়ার<br>মধ্য বাউশিয়া গজারিয়া, মুন্সীগঞ্জ।<br>টিআইএন: ১৩৯৬৩৭৯৯৩৫০১<br>এনআইডি: ৫৯১২৪২১১৪৭০৭৬<br>ফোন: ০১৮১৫২২৮০৯২<br>ই-মেইল: pinsarkerinfo@gmail.com |  | Sd/-Illegible |
| ০৭. | আর্কিটেক্ট মোহাম্মদ ইসমাইল পারভেজ<br>ইকোওয়েভ<br>৭/৩, নিউ ইস্কাটন রোড রমনা, ঢাকা-১০০০।<br>টিআইএন: ৫৭৪১২৮৯৫৬১১<br>এনআইডি: ৫৫৩৭৯০৬৩৮৯<br>ফোন: ০১৯১২৪৪৪১১১<br>ই-মেইল:ecowave.bd@gmail.com |  | Sd/-Illegible |
| ০৮. | মোঃ ইরফান মোল্লা<br>ইমকম<br>৮৭, হাজী ইসমাইল রোড, শেখপাড়া, খুলনা।<br>টিআইএন: ১৭৭১০৩৭৫৬৯৯৯<br>এনআইডি: ৫৫৪০৫২৯২৭৭<br>ফোন: ০১৭১১৩২৯২৭৫<br>ই-মেইল:incomint2017@gmail.com |  | Sd/-Illegible |
| ০৯. | রোকসানা হোসেন<br>ইন্টেরিয়র ডিজাইন এন্ড কমিশন এজেন্ট<br>২০/এ নাসিরবাদ, চট্টগ্রাম।<br>টিআইএন: ৫৫০৪২৩২৪৭৮৫৬<br>এনআইডি: ১৯১২০৬১৫৪৪<br>ফোন: ০১৭৩৭৬৮৬০১০<br>ই-মেইল: roksanahossen@gmail.com |  | Sd/-Illegible |
| ১০. | এ এ কে এম শহীদুল্লাহ চৌধুরী<br>শেপ ইন্টেরিয়র এন্ড আর্কিটেচার<br>৮৬/৩০৪ ইয়াকুব ট্রেড সেন্টার (৪র্থ তলা)<br>টিআইএন: ৬৮৫৯১৯৪৪০০৪৩<br>এনআইডি: ৭৩৩১৭৯৬৩৮৮<br>ফোন: ০১৮১৯৬১১৮৭৬<br>ই-মেইল: shape_shahid@yahoo.com |  | Sd/-Illegible |

ঢাকা
অবিকল নকল বলিয়া প্রত্যায়ন করা হইল
(অনন্ত কুমার পাল)
সহকারী রেজিস্ট্রার (চলতি দায়িত্ব)
রেজিস্ট্রারের পক্ষে
লেখক ও পাঠক।
27 AUG 2024

MD RAFIQUL ISLAM
Advocate
Dhaka Bar Association

Sd/-Illegible
নাসরিন সুলতানা
এম.এস, এল.এল.বি
এডভোকেট
ঢাকা জজ কোর্ট

নাসরিন
০৪/০৭/২০২৪
নাসরিন সুলতানা
প্রশাসনিক কর্মকর্তা
বাণিজ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

| ক্র নং | নাম-ঠিকানা ও টিআইএন | ছবি | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১১. | মো: এনামুল হক<br>ইনটেরিয়র কনসেপ্টস<br>৩২৩, আফতাব টাওয়ার, পূর্ব রামপুরা, ডি.আই.টি রোড, ঢাকা-১২১৯<br>টিআইএন:০০০৮৯৬৭৬৫-০২০২<br>এনআইডি: ৪১৫৩৫১৩৯০০<br>ফোন: ০১৬১৮৯০০৫৫৫<br>ই-মেইল:<br>interior.concepts.bd@gmail.com |  | Sd/-Illegible |
| ১২ | এমডি মাজহারুল ইসলাম<br>আর্কেডিয়া<br>৭৫, মিরপুর রোড, বি এস ভবন (ল্যাবরেটরী রোড), ঢাকা।<br>টিআইএন: ৭৬৭৫৫৬২৯৭৪২১<br>এনআইডি: ৫০৯৮৭৩১৭৪৭<br>ফোন: ০১৭১১১১২১৬৯<br>ই-মেইল: rcadia.interior@gmail com |  | Sd/-Illegible |
| ১৩. | মো: মাসুদ রানা ভূইয়া<br>সিগনেচার<br>বাড়ি নং-১২৭/৩, খিলক্ষেত, ঢাকা-১২২৯<br>টিআইএন: ৬৭৮৫৩২১৭০৬৭৩<br>এনআইডি: ৫৯৫৩১১৫৫৯৮<br>ফোন: ০১৭৩২৩৬৪৮৩৫<br>ই-মেইল: info@signaturebd.com |  | Sd/-Illegible |
| ১৪ | মুহাম্মদ শরীফুল ইসলাম<br>ডিজাইন সোর্স আর্কিটেকচার এন্ড ইন্টেরিয়র<br>৩৫, নয়াপল্টন, ঢাকা-১০০০০<br>টিআইএন:৬৭১১৮৩৬২৮৫৩৯<br>এনআইডি:১০২২৫৫৪৯৪১<br>ফোন:০১৭৪৯৮৫৬১৪০<br>ই-মেইল: i.ar.sharif@gmail.com |  | Sd/-Illegible |
| ১৫ | এচ.এম. মহিউদ্দিন সুমন<br>ডিজাইন ল্যাব<br>১৪/এ ৩/এ জিগাতলা, ধানমন্ডি, ঢাকা-১২০৯<br>টিআইএন: ৮৩৮০৬৮৫৯৩৩৭৮<br>এনআইডি: ৫৫২২০৬৮৯৪৮<br>ফোন: ০৭১২২৫৪৪৬৬৫<br>ই-মেইল: mahi@designlab247.com |  | Sd/-Illegible<br>মাসরিন<br>০৪/০৭/২০২৪<br>মাসরিন সুলতানা<br>প্রশাসনিক কর্মকর্তা<br>বাণিজ্য মন্ত্রণালয়<br>বাংলাদেশ সচিবালয়, ঢাকা |

Sd/-Illegible
MD. RAFIQUL ISLAM
Advocate
Dhaka Bar Association

ঢাকা
অবিকল নকল বলিয়া প্রত্যায়ন করা হইল
(অনন্ত কুমার পাল)
সহকারী রেজিস্ট্রার (চলতি দায়িত্ব)
রেজিস্ট্রারের পক্ষে
লেখক ও পাঠক
27 AUG 2024

Sd/-Illegible
মাসরিন সুলতানা
এম.এস, এল.এল.বি
অ্যাডভোকেট

| ক্রঃ নং | নাম-ঠিকানা ও টিআইএন | ছবি | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১৬ | মুহাম্মদ রুহুল আমীন<br>প্রিভিউ আকিটেক্স ইঞ্জিনিয়ারাস<br>প্লট নং-২৫ , রাজলক্ষী কমপ্লেক্স<br>টিআইএন: ৮৭৫৫৭৮৬৭৯৪৪৫<br>এনআইডি: ৫৯৫৪২৩৬৬০৯<br>ফোন: ০১৮১৯২৫২৯৮৯<br>ই-মেইল: previewbd@gmail.com |  | Sd/-Illegible |
| ১৭ | মোঃ আবদুর রহিম<br>এ. আর. কর্পোরেশান<br>৬ পুরানা পল্টন, (৪র্থ তলা) ঢাকা-১০০০<br>টিআইএন: ১২৭০৪৭৭০৯৪৭৯<br>এনআইডি: ১৯৯১৫১১১৪৩১৩০০০০৩৮<br>ফোন: ০১৮৭৬২৭৮৫৯৩<br>ই-মেইল: azmalgroup@gmail.com |  | Sd/-Illegible |
| ১৮ | সুমন কুমার<br>কারিগর ইন্টেরিয়র<br>৬৩/১ শুক্রাবাদ, ঢাকা<br>টিআইএন: ৭৫০৬৭৫২২৩০৩৬<br>এনআইডি: ১৯৯১৮৮১৮৯৫২০০০১১১<br>ফোন: ০১৭১০৭৬২৩৩৩<br>ই-মেইল:<br>sumonpramanik71@gmail.com |  | Sd/-Illegible |
| ১৯ | মোঃ রকিবুল হাসান<br>ডিফারেন্ট কনসেপ্ট<br>১২০, পূর্ব তেজতুরি বাজার, তেজগাঁও ঢাকা।<br>টিআইএন: ৭২০৭৬৪১৭৩৭৮৮<br>এনআইডি: ৬৪২৯০৫৮১০৭<br>ফোন: ০১৭১১১১৯০১৫১<br>ই-মেইল: methela.trade1@gmail.com |  | Sd/-Illegible |

Sd/-Illegible Sd/-Illegible

MD. RAFIQUL ISLAM
Advocate
Dhaka Bar Association

নাসরিন
০৪/০৭/২০২৪
নাসরিন সুলতানা
প্রশাসনিক কর্মকর্তা
বাণিজ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নাসরিন সুলতানা
এম.এস.এস, এল.এল.বি
এডভোকেট
ঢাকা জজ কোর্ট
ঢাকা

মূলের সহিত নকল মিলিয়া প্রত্যায়ন করা হইল

(অনন্ত কুমার পাল)
সহকারী রেজিস্ট্রার (চলতি দায়িত্ব)
রেজিস্ট্রারের পক্ষে।
লেখক ও পাঠক।
27 AUG 2024

## ১৯৯৪ সালের কোম্পানী আইনের ২৮নং ধারার অধীন নিবন্ধিত

### Interior Designers Association of Bangladesh -এর সংঘবিধি

ক) এই সংঘবিধিতে উল্লেখিত বিধানসমূহ কোম্পানী আইনের ৭ম তফসিলে বর্ণিত প্রবিধানসমূহ এসোসিয়েশনের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

খ) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে অত্র আর্টিকেলে বর্ণিত শব্দসমূহ বর্ণিত অথবা বিধিবদ্ধভাবে উক্ত আইনে বা উহার সংশোধনীতে সংজ্ঞায়িত শব্দসমূহ বুঝাইবে এবং একবচন শব্দসমূহ বহুবচনও বুঝাইবে এবং অনুরূপে বহুবচন ব্যবহৃত হইলে উহা একবচনও বুঝাইবে এবং পুংলিঙ্গ বাচক শব্দ স্ত্রীলিঙ্গকেও বুঝাইবে।

গ) যে কোন ব্যক্তি, পার্টনার ফার্ম, কোম্পানী অথবা কর্পোরেট বডি যিনি বা যাদের বাংলাদেশের প্রত্যেক অঞ্চলে Interior Designers ব্যবসা প্রতিষ্ঠান আছে তাহারা অত্র এসোসিয়েশনের সদস্য হইবার জন্য উপযুক্ত বিবেচিত হইবে।

### ২। সদস্য পদ ঃ

যে কোন ব্যক্তি প্রতিষ্ঠান, কোম্পানী অথবা যে কোন কর্পোরেট বডির স্বত্বাধিকারী বা পরিচালক যিনি Interior Designers ব্যবসায় নিয়োজিত আছেন; তিনি বা তাহারা সদস্য হইবার ইচ্ছা প্রকাশ করিলে তিনি বা তাহাদের আবেদন সাপেক্ষে এসোসিয়েশনের ভর্তি ফিস ও বার্ষিক চাঁদা পরিশোধ করতঃ তিনি বা তাহারা সমিতির সদস্য হইতে পারিবেন। তিনি বা তাহাদের ট্রেড লাইসেন্স, টিন সার্টিফিকেট অবশ্যই থাকতে হবে। সমিতির সদস্যপদ গ্রহণ বাধ্যতামূলক এবং কাষ্টমস হতে পণ্য আমদানী/রপ্তানী ছাড়ের ক্ষেত্রে সমিতির ছাড়পত্র গ্রহণ বাধ্যতামূলক।

### ৩। এসোসিয়েশনের নিম্নোক্ত পাঁচ শ্রেণীর সদস্য থাকিবেঃ

ক) **প্রফেশনাল সদস্যঃ** ইন্টেরিয়র ডিজাইনে শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন (সর্বোনিম্ন ১ বছরের ডিপ্লোমা এবং যে কোন বিষয়ে গ্রাজুয়েট) ও কমপক্ষে পাঁচ (৫) বছরের অভিজ্ঞতা সম্পন্নরা অথবা আর্কিটেক্ট শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন ও কমপক্ষে দুই (২) বছরের অভিজ্ঞতা সম্পন্নদের ভর্তি পরিক্ষায় অংশগ্রহন করতে হবে এবং উর্ত্তীন প্রার্থীরাই প্রফেশনাল সদস্য হতে পারবেন। ভর্তি ফি ২,০০০/- (দুই হাজার) টাকা এবং বার্ষিক চাঁদার পরিমান হবে ৪,০০০/- (চার হাজার) টাকা যাহা পরিচালনা পর্ষদ কর্তৃক সময়ে সময়ে এসোসিয়েশনের স্বার্থে বা প্রয়োজন হইলে বৃদ্ধি করা যাইবে।

খ) **ক্যান্ডিডেট সদস্য :** ইন্টেরিয়র ডিজাইনে শিক্ষাগত যোগ্যতা সম্পন্নরা (সর্বোনিম্ন ১ বছরের ডিপ্লোমা এবং যে কোন বিষয়ে গ্রাজুয়েট) অথবা আর্কিটেক্ট শিক্ষাগত যোগ্যতা সম্পন্নরা ক্যান্ডিডেট সদস্য হতে পারবেন। তবে ইন্টেরিয়র ডিজাইনে পাঁচ (৫) বছরের অভিজ্ঞতা অথবা আর্কিটেক্ট শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন ও কমপক্ষে দুই (২) বছরের অভিজ্ঞতা সম্পন্ন হলে ভর্তি পরিক্ষায় অংশগ্রহন করতে হবে এবং উর্ত্তীন প্রার্থীরাই প্রফেশনাল সদস্য হতে পারবেন। ভর্তি ফি ২,০০০/- (দুই হাজার) টাকা এবং বার্ষিক চাঁদার পরিমান হবে ৪,০০০/- (চার হাজার) টাকা যাহা পরিচালনা পর্ষদ কর্তৃক সময়ে সময়ে এসোসিয়েশনের স্বার্থে বা প্রয়োজন হইলে বৃদ্ধি করা যাইবে।

গ) **সহযোগী সদস্য :** এই পদের জন্য ইন্জিনিয়ার, ফাইন আর্ট সহ গ্রাজুয়েট সার্টিফিকেট এবং কমপক্ষে দুই (২) বছরের অভিজ্ঞতা সম্পন্নরা সহযোগী সদস্য হতে পারবেন। ভর্তি ফি ২,০০০/- (দুই হাজার) টাকা এবং ৪,০০০/- (চার হাজার), যাহা পরিচালনা পর্ষদ কর্তৃক সময়ে সময়ে এসোসিয়েশনের স্বার্থে বা প্রয়োজন হইলে বৃদ্ধি করা যাইবে।

ঘ) **ট্রেড সদস্যঃ** ইন্টেরিয়র ডিজাইনে কাজ করেন না কিন্তু ইন্টেরিয়র ডিজাইন যে কোন পন্য বিক্রয়, আমদানি করেন এবং কমপক্ষে দুই (২) বছরের অভিজ্ঞতা সম্পন্ন এবং যে কোন বিষয়ে গ্রাজুয়েটরাই সহযোগী সদস্য হতে পারবেন। ভর্তি ফি ২,০০০/- (দুই হাজার) টাকা এবং ২০,০০০/- (বিশ হাজার), যাহা পরিচালনা পর্ষদ কর্তৃক সময়ে সময়ে এসোসিয়েশনের স্বার্থে বা প্রয়োজন হইলে বৃদ্ধি করা যাইবে।

ঙ) **ছাত্র সদস্যঃ** ইন্টেরিয়র ডিজাইনে অধ্যয়নরত শিক্ষার্থীরা ছাত্র সদস্য হতে পারবেন। ভর্তি ফি ৫০০/- (পাঁচশত) টাকা এবং বার্ষিক চাঁদার পরিমান হবে ১,০০০/- (এক হাজার) টাকা যাহা পরিচালনা পর্ষদ কর্তৃক সময়ে সময়ে এসোসিয়েশনের স্বার্থে বা প্রয়োজন হইলে বৃদ্ধি করা যাইবে।

নাসরিন ০৪/০৭/২০২৪
নাসরিন সুলতানা
প্রশাসনিক কর্মকর্তা
বাণিজ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

ঢাকা
প্রত্যায়ন করা হইল
(অনন্ত কুমার পাল)
সহকারী রেজিস্ট্রার (চলতি দায়িত্ব)
রেজিস্ট্রারের পক্ষে
লেখক ও পাঠক
27 AUG 2024

৪। সদস্যদের অন্তর্ভুক্তি ঃ

ক) সদস্য পদ লাভের জন্য প্রত্যেক প্রার্থীকে ভর্তি ফি ও বার্ষিক চাঁদাসহ এসোসিয়েশনের সভাপতি বরাবরে নির্দিষ্ট ফরমে আবেদন করিতে হইবে এবং এসোসিয়েশনের "সদস্য-উপ-কমিটি" যাচাই বাছাই করে "পরিচালনা পর্ষদ কমিটিতে" প্রেরন করবেন এবং পরিচালনা পর্ষদ কমিটি চূড়ান্ত সিদ্ধান্ত দিবেন।

খ) এসোসিয়েশনের সদস্য হওয়ার যোগ্য প্রতিষ্ঠান অবশ্যই বাংলাদেশে অবস্থিত যে কোন Interior Designers মালিকগণের মধ্যে সীমাবদ্ধ থাকিবে।

গ) Interior Designers খাতের যোগ্যতা সম্পন্ন প্রত্যেকেই অত্র এসোসিয়েশনের সদস্য হইতে বাধ্য থাকবেন।

৫। পরিচালনা পর্ষদের কার্যক্রম সময়ে সময়ে নিয়ন্ত্রণ আরোপ সাপেক্ষে প্রত্যেক সদস্যই এসোসিয়েশনের হিসাব এবং অন্যান্য দলিলাদি পরীক্ষা করিতে পারিবেন।

৬। এসোসিয়েশনের সদস্যগণ অত্র আর্টিকেলে নিয়মানুসারে এসোসিয়েশনের সকল চাঁদা এবং অন্যান্য প্রদেয় অর্থ পরিশোধে বাধ্য থাকিবেন।

৭। এসোসিয়েশনের বিশেষ সাধারণ সভা আহবান এর মাধ্যমে উহার সংঘবিধি-তে নতুন কোন কিছু সংযোজন, সংশোধন অথবা পরিবর্তন করা যাইবে। এক্ষেত্রে সরকারের পূর্ব অনুমোদন নিতে হবে।

৮। ক) পরিচালনা পর্ষদ কর্তৃক ভিন্নরূপ কিছু নির্ধারিত না হওয়া পর্যন্ত কোন ব্যবসায়ী ফার্ম, কোম্পানী অথবা কর্পোরেট বডি এসোসিয়েশনের সদস্যপদ হারাইবেন না শুধুমাত্র এই কারণে যে সংস্থার নিজস্ব গঠন প্রণালী অনুযায়ী উহার কোন মালিক অথবা ব্যবস্থাপনা পরিচালকের এডমিশন, রিটায়ারমেন্ট অথবা মৃত্যুর কারণে কোনরূপ পরিবর্তন সাধিত হইয়াছে।

খ) এই ব্যবসা খাতের ব্যবসায়ী প্রতিষ্ঠান/কোম্পানী অথবা বিধিবদ্ধ সংস্থার যে নামে এসোসিয়েশনের সদস্য পদ লাভ করিয়াছিল সে নামের কোনরূপ পরিবর্তন সাধন করিলে আপনা আপনিই এসোসিয়েশনের সদস্যপদ হারাইবেন তবে নাম পরিবর্তনের পর নতুন ট্রেড লাইসেন্স এবং পুনরায় ভর্তি ফি প্রদান সাপেক্ষে নুতন সদস্য হইতে পারিবেন।

৯। সদস্যপদ খারিজঃ

ক) বার্ষিক প্রদেয় চাঁদার অর্থ যদি যথা সময়ে পরিশোধে ব্যর্থ হন অথবা কার্যনির্বাহী কমিটি যদি কোন বিশেষ কারণে উক্ত নিয়মে লঙ্ঘনকারী সদস্যদের বরাবরে লিখিত নোটিশ দ্বারা সময় বর্ধিত করিয়া না দেন তবে যে অতিরিক্ত সময়ের মেয়াদ উত্তীর্ণ হওয়ার পরেও বাকী রাখেন।

খ) যদি কোন সদস্য তার ব্যবসা বন্ধ করিয়া দেন।

গ) যদি কোন সদস্যকে এসোসিয়েশন হইতে বহিষ্কার করা হয়।

ঘ) কার্যনির্বাহী কমিটি কর্তৃক যদি কোন সদস্যের পদত্যাগ পত্র গৃহীত হয়।

ঙ) কোন সদস্যের মৃত্যু ঘটিলে, মানসিকভাবে ভারসাম্য হারাইয়া ফেলিলে অথবা দেউলিয়া ঘোষিত হইলে।

১০। একজন সদস্য এসোসিয়েশনের আর্টিকেল্স অব এসোসিয়েশনের বিধান মোতাবেক সদস্য হিসাবে তাহার উপর অর্পিত দায়িত্ব, বাধ্যবাধকতা এবং নিয়ম শৃংখলা পালনে ব্যর্থ হইলে তাহার সদস্যপদ স্থগিত অথবা এসোসিয়েশনের স্বার্থকে আইনতঃ ক্ষুন্ন করিতে পারে এরূপ প্রকৃতি হইলে অথবা উক্ত সদস্য বারবার নিয়মনীতি লংঘনের বিষয়ে পরিচালনা পর্ষদ কর্তৃক ইতিপূর্বে তাহাকে নোটিশ প্রদানপূর্বক সতর্ক করিয়া দেওয়া সত্ত্বেও অর্পিত দায়িত্ব ও বাধ্যবাদকতা পালনে ব্যর্থ হইয়াছে বলিয়া প্রতীয়মান হইল তাহার সদস্য পদ বাতিল হইবে।

১১। ক) কোন সদস্যকে বহিষ্কার করা হইলে সাধারণ ভাবে পূর্বানুমোদন ব্যতীত সদস্যরূপে পুনরায় গ্রহণ করা হইবে না। তবে সাধারণ সভা উক্ত সদস্যের বহিষ্কার তারিখ হইতে কমপক্ষে তিন বৎসর অতিক্রান্ত হইবার পূর্বে তাহাকে সদস্যরূপে পুনঃভর্তি করিতে পারিবে না।

খ) কোন কারণে যদি কোন সদস্য এসোসিয়েশনের সদস্য পদে না থাকিতে চান তিনি যে তারিখে তাহার সদস্যপদ ত্যাগ করেন সেই তারিখ পর্যন্ত এসোসিয়েশনের বকেয়া পাওনা পরিশোধে বাধ্য থাকিবেন। এরূপ কোন সদস্য অথবা এসোসিয়েশন হইতে স্বেচ্ছায় নিজেকে প্রত্যাহারকারী কোন সদস্য পঞ্জিকা বর্ষের অবশিষ্ট সময়ের জন্য প্রদত্ত অর্থের কোন প্রকার প্রত্যাবর্তন অথবা চাঁদার কোন প্রকার মওকুফের সুবিধা লাভ করিবেন না।

নাসরিন
০৪/০৭/২০২৪
নাসরিন সুলতানা
প্রশাসনিক কর্মকর্তা
বাণিজ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

অবিকল নকল বলিয়া প্রত্যায়ন করা হইল
(অনন্ত কুমার পাল)
সহকারী রেজিস্ট্রার (চলতি দায়িত্ব)
রেজিস্ট্রারের পক্ষে
লেখক ও পাঠক

27 AUG 2024

১২। পরিচালনা পর্ষদঃ

পরিচালনা পর্ষদের মেয়াদ হইবে ২ (দুই) বৎসর। পরিচালনা পর্ষদের রূপরেখা নিম্নে বর্ণনা করা হইলঃ
১১ (এগার) সদস্য বিশিষ্ট পরিচালনা পর্ষদ গঠিত হইবে নিম্নরূপঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | - | ০১ জন। |
| সিনিয়র সহ-সভাপতি | - | ০১ জন। |
| সহ-সভাপতি | - | ০১ জন। |
| পরিচালক | - | ০৮ জন। |
| সর্বমোট | - | ১১ জন। |

১৩। পরিচালনা পর্ষদের সকল সদস্য ভোটার তালিকায় অন্তর্ভুক্ত সদস্যদের (প্রফেশনাল সদস্য এবং ক্যান্ডিডেট সদস্য) সরাসরি ভোটে কোম্পানী আইন অনুযায়ী নির্বাচিত হইবেন। নির্বাচনের ভোট গ্রহণ ও গণনা শেষে নির্বাচনের ফলাফল প্রকাশের ৪৮ ঘন্টার মধ্যে নির্বাচন বোর্ডের তত্ত্বাবধানে নবগঠিত পরিচালনা পর্ষদ নির্বাচিত হইবে।

ক) মেয়াদ উত্তীর্ণ হওয়ার অন্তঃ ১৫ দিন পূর্বে পরবর্তী কার্যনির্বাহী কমিটির সদস্যগণের নির্বাচন সম্পন্ন করিতে হইবে এবং মেয়াদকালীন সময়ের মধ্যে বার্ষিক সাধারন সভা অনুষ্ঠান করিয়া উক্ত সভায় নবনির্বাচিত পরিচালনা পর্ষদের নিকট দায়িত্ব হস্তান্তর করিতে হইবে। তবে বার্ষিক সাধারণ সভা উক্তরূপে অনুষ্ঠিত না হইলে মেয়াদোত্তীর্ণ কার্যনির্বাহী কমিটির সদস্যগণের মেয়াদ শেষের তারিখ হইতে নবনির্বাচিত পরিচালনা পর্ষদ সদস্যগণ দায়িত্বপ্রাপ্ত হইয়াছেন বলিয়া গণ্য হইবে।

খ) উল্লেখিত নির্বাচন অনুষ্ঠানের জন্য নির্বাচন বোর্ড ও নির্বাচন আপীল বোর্ড গঠন ও নির্বাচন তফসিল নির্ধারিত সময়ে ঘোষণা করা হইলে বা অনুষ্ঠিত নির্বাচন যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক বাতিল করা হইলে সংশ্লিষ্ট পঞ্জিকা বৎসরের বার্ষিক সভা অনুষ্ঠিত হউক বা না হউক কার্যরত পরিচালনা পর্ষদ সদস্যবৃন্দ তাঁহাদের মেয়াদ উত্তীর্ণের তারিখ হইতে দায়িত্ব থেকে অব্যাহতি প্রাপ্ত হইয়াছেন বলিয়া গণ্য হইবেন। তবে শর্ত থাকে যে, কেবলমাত্র দৈব দুর্বিপাকের কারণে নির্ধারিত সময়ের মধ্যে উক্ত নির্বাচন অনুষ্ঠান সম্ভব না হইলে নির্বাচন বোর্ডের সুপারিশের ভিত্তিতে পরিচালনা পর্ষদ সভায় গৃহীত সিদ্ধান্তক্রমে নির্বাচন অনুষ্ঠানের সময়সীমা বৃদ্ধির জন্য পরিচালক, বাণিজ্য সংগঠনের নিকট আবেদন করা যাইবে। পরিচালক, বাণিজ্য সংগঠন কর্তৃক উক্ত সময়সীমা বৃদ্ধির আবেদন গ্রহণযোগ্য বলিয়া বিবেচিত হইলে, তৎকর্তৃক বর্ধিত সময়ের মধ্যে নির্বাচন অনুষ্ঠান সম্পন্ন করিতে হইবে। অন্যথায় বর্ধিত সময়সীমা শেষ হওয়ার তারিখ হইতে কার্যরত পরিচালনা পর্ষদ সদস্যবৃন্দ তাহাদের দায়িত্ব হইতে অব্যাহতি প্রাপ্ত হইয়াছেন বলিয়া গণ্য হইবেন। সময়সীমা বৃদ্ধির উপরোক্ত আবেদন অগ্রাহ্য হইলে কার্যরত কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ তাহাদের মেয়াদ উত্তীর্ণের তারিখ হইতে দায়িত্ব হইতে অব্যাহতি পাইবেন।

গ) কার্যরত পরিচালনা পর্ষদের সকল সদস্য দায়িত্ব হইতে অব্যাহতি পাইলে সরকার কর্তৃক নিযুক্ত প্রশাসক অব্যাহতি প্রাপ্ত পরিচালনা পর্ষদের স্থলাভিষিক্ত হইবেন এবং সরকার কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে নির্বাচন অনুষ্ঠান করিয়া নবনির্বাচিত কার্যনির্বাহী কমিটির নিকট দায়িত্ব হস্তান্তর করিবেন। নির্ধারিত নির্বাচন যথাসময়ে অনুষ্ঠানের জন্য বিধান মোতাবেক পদক্ষেপ গ্রহণে ব্যর্থ হইলে সংগঠনের নির্বাচনে প্রার্থী হইতে পারিবেন।

১৪। পরিচালনা পর্ষদ এর সভাঃ

ক. প্রতি দুই মাসে কমপক্ষে একটি পরিচালনা পর্ষদ সভা অনুষ্ঠান করিতে হইবে।
খ. সংঘবিধি অনুযায়ী পরিচালনা পর্ষদ বিদ্যমান সদস্য সংখ্যার কমপক্ষে এক তৃতীয়াংশের ব্যক্তিগত উপস্থিতি কোরাম হিসেবে গণ্য হইবে, তবে উহা ৫ জনের কম হবে না।
গ. সভাপতি কর্তৃক নির্দেশিত আলোচ্যসূচী অনুযায়ী অফিস কর্মকর্তা কমপক্ষে ৭ (সাত) দিনের নোটিশে নিয়মিত সভা অথবা কমপক্ষে ২৪ (চব্বিশ) ঘন্টার নোটিশে জরুরী সভা আহবান করিবেন।
ঘ. উপদফা (ক) অনুযায়ী নির্ধারিত সভা অনুষ্ঠিত না হইলে কার্যনির্বাহী কমিটির এক বা একাধিক সদস্য কর্তৃক সভাপতিকে অবিলম্বে কার্যনির্বাহী কমিটির সভা অনুষ্ঠানের জন্য লিখিত অনুরোধ জানানোর ৭ (সাত) দিনের মধ্যে উক্ত সভা আহবান হইবে। অন্যথায় সভাপতিকে কোরামের সমান সংখ্যক কার্যনির্বাহী কমিটির সদস্যগণের প্রস্তাবিত আলোচ্যসূচী অনুযায়ী অফিস কর্মকর্তা উক্ত সভার নোটিশ জারী করিবেন।

নাসরিন
০৪/০৭/২০২৪
নাসরিন সুলতানা
প্রশাসনিক কর্মকর্তা
বাণিজ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

অবিকল নকল বলিয়া প্রত্যায়ন করা হইল
(অনন্ত কুমার পাল)
সহকারী রেজিস্ট্রার (চলতি দায়িত্ব)
রেজিস্ট্রারের পক্ষে
লেখক ও পাঠক

ঙ. কার্যনির্বাহী কমিটির সভা অনুষ্ঠানের তারিখ হইতে ১৫ (পনের) কর্ম দিবসের মধ্যে সভার সভাপতির স্বাক্ষরিত উক্ত সভার কার্যবিবরণী সকল কার্যনির্বাহী সদস্যের নিকট প্রেরণ করিতে হইবে এবং কার্যবিবরণী বহিতে অন্তর্ভূক্ত করিতে হইবে। উক্ত কার্যবিবরণী বহি সংগঠনের নিবন্ধিত কার্যালয়ে সংরক্ষণ করিতে হইবে।

**চ) এডহক পরিচালনা পর্ষদ ঃ** বিধি মোতাবেক নতুন কার্যনির্বাহী কমিটি নির্বাচিত হওয়ার পর উক্ত কমিটি দায়িত্ব গ্রহণের সংগে সংগে এডহক কমিটি বিলুপ্ত হইয়া যাইবে।

১০ সদস্য বিশিষ্ট এডহক কমিটি নিম্নরূপ ঃ

| | | |
|---|---|---|
| ১ | শফিউল ইসলাম | আহবায়ক |
| ২ | সৈয়দ কামরুল আহসান | সদস্য সচিব |
| ৩ | আর্কিটেক্ট মোঃ সজিব জাহান | সদস্য |
| ৪ | মোঃ সাইফুল ইসলাম | সদস্য |
| ৫ | মোহাম্মদ আমিনুল ইসলাম সিকদার | সদস্য |
| ৬ | মোঃ পিয়া সরকার | সদস্য |
| ৭ | আর্কিটেক্ট মোহাম্মদ ইসমাইল পারভেজ | সদস্য |
| ৮ | মোঃ ইরফান মোল্লা | সদস্য |
| ৯ | রোকসানা হোসেন | সদস্য |
| ১০ | এ এ কে এম শহীদুল্লাহ চৌধুরী | সদস্য |

## ১৫। পরিচালনা পর্ষদের দায়িত্ব ও কর্তব্য ঃ

ক) সভাপতিঃ তিনি এসোসিয়েশনের অন্যতম প্রধান সম্মানিত ব্যক্তি বলে গণ্য হবেন এবং এসোসিয়েশনের প্রধান হিসাবে দায়িত্ব পালন করিবেন। এসোসিয়েশনের উন্নতি সাধন করাই তার কর্তব্য হবে। তিনি সাধারণ সভা ও পরিষদের সভায় সভাপতিত্ব করিবেন। তিনি এসোসিয়েশনের সকল কার্যনির্বাহী পরিষদের এবং প্রতিনিধিবর্গের নেতৃত্ব দিবেন। তিনি যে কোন কার্যকরী পরিষদের জরুরী সভা ও বিশেষ সাধারণ সভা আহবান করিতে পারিবেন। তাহার উপাস্থিতে অন্য কেহ সভায় সভাপতিত্ব করিতে পরিবেন না। তিনি গঠনতান্ত্রিক প্রধান হিসাবে থাকিবেন। সকল প্রকার বিল, ভাউচার, লেনদেন সংক্রান্ত কাগজপত্র পরীক্ষা নিরীক্ষা করে স্বাক্ষর প্রদান করিবেন। এসোসিয়েশনের কোন জরুরী ব্যয় মিটানোর জন্য কার্য্যনির্বাহী কমিটির অনুমোদন ছাড়াই ২০,০০০/= (বিশ হাজার) টাকা খরচ অনুমোদন করিতে পারিবেন, যাহা পরবর্তীতে কার্যনির্বাহী কমিটির সভায় অনুমোদন করাইয়া নিতে হইবে। তিনি সভাপতি হিসাবে কর্মচারী নিয়োগ ও ছাটাই করিতে পারিবেন। এসোসিয়েশনের নির্বাচন ব্যতিত কোন সিদ্ধান্তগ্রহণের ২ (দুই) পক্ষের সমান সংখ্যক ভোট হইলে তিনি সভাপতি হিসাবে তাহার কাষ্টিং ভোট প্রদানের মাধ্যমে নিষ্পত্তি করিতে পারিবেন।

খ) সিনিয়র সহ-সভাপতি, সহ-সভাপতি, এবং পরিচালকগণ সভাপতি/ পরিচালনা পর্ষদ কর্তৃক প্রদত্ত দায়িত্ব পালন করিবেন।

### গ) অফিস কর্মকর্তা ঃ

০১. সমিতির বেতনভূক্ত তাৎক্ষনিক কর্মকর্তা হিসাবে কাজ করিবেন।
০২. সভাপতির সংগে পরামর্শ ক্রমে, নোটিশ সমূহ ইস্যু করা, নির্বাহী পরিষদ এবং সাধারণ পরিষদের সভার কার্য্য বিবরণী প্রস্তুত করা।
০৩. সমিতির কর্মচারীদের মধ্যে কার্য্য বন্টন করা।
০৪. সমিতির পক্ষে সমিতির অফিসের মাধ্যমে ভর্তি ফি, চাঁদা, লেভী, জরিমানা, আর্থিক দান, অনুদান এবং অন্যান্য নগদ অর্থ বা অন্যভাবে প্রদত্ত অর্থ প্রত্যয় এর সাথে গ্রহণ করা এবং উপহার রাখিয়া দেওয়া।
০৫. সমিতির সভাপতি বা নির্বাহী পরিষদ কর্তৃক দেয় সব কাজ কর্ম সমাধা করিবেন।

সংশোধিত মতে প্রতিস্বাক্ষরিত/প্রত্যায়ন করা হইল

(অনন্ত কুমার পাল)
সহকারী রেজিস্ট্রার (চলতি দায়িত্ব)
রেজিস্ট্রারের পক্ষে।
লেখক ও পাঠক
27 AUG 2024

সাসরিন
০৪/০৭/২০২৪
শারমিন সুলতানা
প্রশাসনিক কর্মকর্তা
বাণিজ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

## ১৬। নির্বাচনঃ

০১. এসোসিয়েশনের প্রফেশনাল সদস্য ব্যতিত অন্য কেহ নির্বাচনে প্রার্থীতা হইতে পারিবেন না।

০২. এসোসিয়েশনের প্রফেশনাল সদস্য এবং ক্যান্ডিডেট সদস্য ব্যতিত অন্য কেহ নির্বাচনে ভোটার হইতে পারিবেন না।

০৩. নির্বাচন বোর্ড কর্তৃক বিভিন্ন পদের জন্য ভিন্ন ভিন্ন ভাবে জামানতের পরিমান ও নমিনেশন পেপারের মূল্য নির্ধারিত হইবে।

০৪. নির্বাচন বোর্ড ও নির্বাচন আপীল বোর্ড সংগঠন বিধিমালা ১৯৯৪ এবং এই আদেশের বিধান অনুযায়ী নির্বাচনের সকল কার্যাক্রম পরিচালনা করিবেন। পরিচালনা পর্ষদ নির্বাচন সংক্রান্ত কোন বিষয়ে হস্তক্ষেপ করিতে পারিবেন না।

০৫. নির্বাচনের কার্যাক্রম সুষ্ঠভাবে সম্পাদনের উদ্দেশ্যে বাণিজ্য সংগঠন, নির্বাচন বোর্ডের প্রস্তাব অনুযায়ী এক বা একাধিক নির্বাচনী কর্মকর্তা নিযুক্ত করিবেন। তবে কোন কার্যনির্বাহী সদস্য, প্রার্থী কিংবা মনোনয়ন পত্রের প্রার্থীর প্রস্তুতকারক ও সমর্থক কাহাকেও নির্বাচন কর্মকর্তা নিয়োগ করা যাইবে না।

০৬. নির্বাচন তফসিল জারী করার পর হইতে নির্বাচন সম্পন্ন হওয়া পর্যন্ত নিম্নলিখিত আচরন বিধি প্রযোজ্য হইবে। এই আচরণ বিধি লংঘিত হইলে সংশ্লিষ্ট প্রার্থীকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিয়া তাহার প্রার্থী পদ বাতিল করা সহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

ক) নির্বাচন উপলক্ষ্যে বিজ্ঞাপন প্রদান, কোন প্রকার পোস্টার, চিকা অথবা ব্যানার ব্যবহার করা যাইবে না।

খ) মিছিল করা অথবা স্লোগান দেওয়া সম্পূর্ন নিষিদ্ধ থাকিবে।

গ) ভোটারদের নিকট কেবলমাত্র সাদাকালো ছবিসহ লিফলেট এর মাধ্যমে প্রচারপত্র প্রেরণ করা যাইবে, তবে কোন রকম উপঢৌকন প্রেরণ করা যাইবে না।

ঘ) কোন প্রার্থী একক অথবা দলবদ্ধভাবে কোন হোটেল, রেস্তোরা বা কমিউনিটি সেন্টারে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে নির্বাচনী ও পরিচিতি সভা অনুষ্ঠান, ভোটারদের আপ্যায়নের আয়োজন এবং উহাতে অংশগ্রহণ করিতে পারিবেন না।

ঙ) নির্বাচন বোর্ডের তত্ত্বাবধানে গ্রুপ ভিত্তিক সকল প্রার্থীর পরিচিতি সভার আয়োজন করা যাইবে।

চ) নির্বাচন অনুষ্ঠানের ৪৮ ঘন্টা পূর্ব হইতে সকল প্রকার নির্বাচনী প্রচারনা সম্পূর্ণরূপে নিষিদ্ধ থাকিবে।

ছ) নির্বাচন অনুষ্ঠানের দিন নির্বাচন বোর্ড কর্তৃক ঘোষিত ভোট কেন্দ্রের ১০০ গজের মধ্যে প্রার্থী অথবা তাহার সমর্থকদের সমাবেশ, জটলা, ব্যাজ ধারণ ও পোষ্টার বহন সম্পূর্ণরূপে নিষিদ্ধ থাকিবে।

জ) নির্বাচন বোর্ড কর্তৃক নির্দেশিত বিধান বহির্ভূতভাবে কোন প্রার্থী কিংবা ভোটার গ্রহণ এলাকায় অহেতুক অবস্থান করিতে পারিবেন না।

০৭. নির্বাচন বোর্ডের চেয়ারম্যানের সভাপতিত্বে ও পরিচালনায় এসোসিয়েশন ভিত্তিক সকল প্রার্থীর পরিচিতি সভা অনুষ্ঠান করা যাইবে। প্রার্থীগণ সুনির্দিষ্ট সময়ের জন্য ভোটারদের উদ্দেশ্যে বক্তব্য পেশ করিতে পারিবেন ব্যক্তিগত কুৎসা, অশালীন অথবা রাজনৈতিক বক্তব্য প্রদান করা যাইবে না। প্রার্থী পরিচিতি সভার ব্যয় নির্বাহের জন্য নির্বাচন বোর্ড সকল প্রার্থীর উপর সমান হারে ফি ধার্য করিতে পারিবেন।

০৮. এই নির্বাচন আচরণ বিধির এক বা একাধিক বিধান লংঘিত হইলে অথবা এই বিষয়ে কোন অভিযোগ উত্থাপিত হইলে সংশ্লিষ্ট পক্ষকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিয়া নির্বাচন বোর্ড এই বিধি মোতাবেক সিদ্ধান্ত প্রদান করিবে। নির্বাচন বোর্ডের উক্ত সিদ্ধান্তের বিরুদ্ধে আপত্তি থাকিলে সংশ্লিষ্ট পক্ষ আপীল বোর্ডের নিকট সাথে সাথে আপীল দায়ের করিবে। আচরণবিধি লংঘন সংক্রান্ত অভিযোগ নিষ্পত্তির জন্য নির্বাচন বোর্ডের সুপারিশক্রমে সময়ে সময়ে আপীল বোর্ডের সভা অনুষ্ঠিত হইবে এবং নির্বাচন অনুষ্ঠানের সময়ে আচরণবিধি সংক্রান্ত এইরূপ অভিযোগ নিষ্পত্তির জন্য আপীল বোর্ড নির্বাচন চলাকালিন সময়ে ভোট গ্রহণ কেন্দ্রে উপস্থিত থাকিবেন। আপীল বোর্ডের সভায় শুনানী গ্রহন করা হইবে। এই শুনানীর বিষয়ে যাবতীয় নোটিশ সংশ্লিষ্ট পক্ষ সমূহকে বিশেষ বিজ্ঞপ্তি/ঘোষণা মারফত অবহিত করা হইবে। তবে নোটিশ বোর্ডে এই বিষয়ে প্রদত্ত বিজ্ঞপ্তি একমাত্র বৈধ নোটিশ বলিয়া গণ্য হইবে। শুনানী গ্রহন শেষে আপীল বোর্ড কর্তৃক সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

০৯. নির্বাচন বোর্ড ভোট গ্রহণ কক্ষে একই সঙ্গে প্রবেশের জন্য ভোটারের সংখ্যা নিয়ন্ত্রণ করিবেন। নির্বাচন বোর্ড, নির্বাচন কর্মকর্তা আইন প্রয়োগকারী সংস্থার সদস্যবৃন্দ, নির্বাচনী প্রার্থী এবং কেবলমাত্র ভোট দানের জন্য আগত ভোটার ভিন্ন অন্য কাহারও ভোট গ্রহণ কক্ষে প্রবেশাধিকার থাকিবে না।

১০. ভোট চিহ্ন প্রদানের জন্য নির্ধারিত গোপন কক্ষে এক সঙ্গে একাধিক ভোটার প্রবেশ নিষিদ্ধ থাকিবে। ভোট গ্রহণ কক্ষের বাহিরে ব্যালট পত্র নেওয়া যাইবে না।

০৪/০৯/২০২৪
সাবরিনা সুলতানা
প্রশাসনিক কর্মকর্তা
বাণিজ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

অবিকল নকল বলিয়া প্রত্যায়িত
সহকারী রেজিস্ট্রার (চলতি দায়িত্ব)
রেজিস্ট্রারের পক্ষে
লেখক ও পাঠক
27 AUG 2024

১১. ভোট গ্রহণ কক্ষে সকল ভোটার, নির্বাচন বোর্ড ও সংশ্লিষ্ট নির্বাচন কর্মকর্তা নিয়ন্ত্রণে বিধি মোতাবেক গোপন ব্যালটের মাধ্যমে ভোটাধিকার প্রয়োগ করিবেন। এই আদেশের বিধান লঙ্ঘন অথবা অসদাচরণ, প্রতারণা ও প্ররোচনায় লিপ্ত যে কোন প্রার্থী অথবা ভোটারকে নির্বাচন বোর্ড ভোট কেন্দ্রের এলাকা হইতে বহিষ্কার করিতে পারিবে।

১২. নির্বাচন প্রার্থীবৃন্দ ভোট গ্রহণ এলাকা ও কক্ষে কেবল মাত্র নির্বাচন বোর্ড কর্তৃক সংরক্ষিত স্থান/আসনে অবস্থান করিতে পারিবেন এবং কেবল মাত্র নির্বাচন বোর্ডের অনুমতি গ্রহণ পূর্বক একমাত্র ভোট দানের উদ্দেশ্যে ভোট প্রদান কক্ষের সংশ্লিষ্ট এলাকায় বিধি মোতাবেক প্রবেশ করিতে পারিবেন।

১৩. কোন প্রার্থী, ভোট গ্রহণ কক্ষে কোন ভোটারের সঙ্গে কোন প্রকার আলাপ ও প্রচারণায় লিপ্ত হইতে পারিবেন না। চূড়ান্ত ভোটার তালিকায় অর্ন্তভূক্ত নহে কিংবা জাল ভোট দান কিংবা ইতিমধ্যে ভোট দিয়াছেন, এমন ভোটারের বিরুদ্ধে অথবা অন্য কোন আচরণবিধি লঙ্ঘনের বিরুদ্ধে প্রার্থীগণ নির্বাচন বোর্ড ও নির্বাচন কর্মকর্তার নিকট আপত্তি দাখিল করিতে পারবেন।

১৪. নির্বাচন বোর্ড এইরূপে দাখিলকৃত আপত্তি, অভিযোগের সুরাহা করতঃ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।

১৫. নির্বাচন বোর্ড কিংবা নির্বাচনী কর্মকর্তার নিষেধ বা সতর্কীকরণ সত্ত্বেও কোন প্রার্থী ভোট গ্রহণ কক্ষে আলাপ চারিতা ও প্রচারণায় লিপ্ত হইলে সংশ্লিষ্ট প্রার্থীকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিয়া বিধান অনুসরণ পূর্বক তাহার প্রার্থীপদ বাতিল করা যাইবে।

১৬. নির্বাচন বোর্ড ব্যালট পত্রের ফরম নির্ধারণ করিবে। ব্যালট পত্রের প্রথম অংশে ব্যালট পত্র নম্বর মুদ্রিত থাকিবে এবং ব্যালট পত্র আবশ্যিকভাবে বাণিজ্য সংগঠনের সীল ও নির্বাচন বোর্ডের চেয়ারম্যানের স্বাক্ষর সম্বলিত হইতে হইবে। অন্যথায় উহা গ্রহণযোগ্য হইবে না।

১৭. ভোটার তালিকায় ভোটার নম্বর, ভোটারের নাম, তাহার প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা এর নাম্বার উল্লেখ করিতে হইবে। সংগঠনের দপ্তরে রক্ষিত সদস্য প্রতিষ্ঠান কর্তৃক মনোনীত সদস্যের নমুনা স্বাক্ষরের ভিত্তিতে অথবা নির্বাচন বোর্ড কর্তৃক প্রদত্ত ছবি সম্বলিত পরিচিতি পত্রের মাধ্যমে ভোটার সনাক্ত করা হইবে। উক্ত পরিচিতি পত্র না থাকিলে অথবা স্বাক্ষরে গরমিল হইলে ভোট প্রদান করা যাইবে না।

১৮. পরিচিতি পত্র অথবা নির্বাচন বোর্ড কর্তৃক সংগঠনের দপ্তরে রক্ষিত নমুনা স্বাক্ষরের ভিত্তিতে সন্দেহাতীতরূপে ভোটার সনাক্ত করা হইলে নির্বাচনী কর্মকর্তা ভোটারের নাম ও নম্বর লিপিবদ্ধ করিয়া ব্যালট পত্রের প্রথম অংশ উক্ত ভোটারের স্বাক্ষর, নিজ স্বাক্ষর ও সিলসহ যথাযথভাবে পূরণকরতঃ ব্যালট পত্রের অপর অংশটি সংশ্লিষ্ট ভোটারকে প্রদান করিবেন এবং চূড়ান্ত ভোটার তালিকায় উক্ত ভোটারের নাম এর বিপরীতে ব্যালট পত্র নম্বর লিপিবদ্ধ করিয়া ভোটাধিকার প্রয়োগ রেকর্ড করিবেন। একজন ভোটারকে কোন অবস্থাতেই একাধিক ব্যালট পত্র প্রদান করা যাইবে না।

১৯. শরীরিকভাবে অসমর্থ কোন ভোটার, সাহায্যকারী ব্যতীত ভোট দানে অপারগ হইলে নির্বাচন বোর্ড নির্বাচন কর্মকর্তা বৃন্দের মধ্য হইতে একজনকে ভোট প্রদান কক্ষে উক্ত ভোটারের সাহায্যকারী নিযুক্ত করিবেন।

২০. ভোট গ্রহণ প্রারম্ভের অন্তত ১৫ মিনিট পূর্বে নির্বাচন বোর্ড নির্বাচন প্রার্থীগণের (যদি উপস্থিত থাকেন) সম্মুখে নিরীক্ষণ করিয়া শূন্যতার নিশ্চয়তার বিধান পূর্বক ব্যালট বাক্সটি বন্ধ ও সীল করিবেন এবং নির্বাচন বোর্ড, প্রার্থী ও ভোটারের নিকট দৃশ্যমান একটি উপযোগী স্থানে স্থাপন করিবেন।

২১. একটি ভোট গ্রহণ কক্ষে একই সঙ্গে কোন গ্রুপের সংরক্ষিত আসনে নির্বাচনের জন্য একাধিক ব্যালট বাক্স ব্যবহার করা যাইবে না। একটি ব্যালট বাক্স পূর্ণ কিংবা আরও ভোট গ্রহণের জন্য নির্বাচন বোর্ডের চেয়ারম্যানের নিকট ব্যবহারের অনুপযোগী প্রতীয়মান হইলে তিনি সংশ্লিষ্ট ব্যালট বাক্সটি সীল করিয়া নিরাপদ ও দৃশ্যমান স্থানে সংরক্ষণ করতঃ উহার স্থলে অপর একটি শূন্য ও সীলকৃত ব্যালট বাক্সে ভোট গ্রহণ করিবেন।

২২. ভোট গ্রহণের বিরতিকালে অথবা নির্বাচন বোর্ড কর্তৃক কেবল মাত্র সাময়িক প্রয়োজনে ভোট গ্রহণ স্থগিত করা হইলে ব্যালট বাক্স সীল করিয়া নির্বাচন বোর্ড কর্তৃক ভোট গ্রহন পুনরায় আরম্ভ না করা পর্যন্ত সংরক্ষিত রাখিবেন।

২৩. নির্বাচনী তফসিলের নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে ভোট কেন্দ্রে উপস্থিত সকল ভোটার ভোটদান করিতে পারিবেন।

২৪. ভোট প্রদান সমাপ্ত হইলে ভোট গ্রহণ বন্ধ করা হইবে। অতঃপর ভোট গণনা শুরু হইবে এবং গণনা সমাপ্ত না হওয়া পর্যন্ত একটানা চলিতে থাকিবে। প্রার্থীগণ ভোট গণনার সময় উপস্থিত থাকিতে পারিবেন। তবে ভোট গণনার সময় নিজে উপস্থিত না থাকিলে নির্বাচন বোর্ডের পূর্বানুমতিক্রমে তাঁহার পক্ষে একজন প্রতিনিধি নিযুক্ত করিতে পারিবেন।

২৫. নির্বাচন বোর্ড গণনার উদ্দেশ্যে ব্যালট বাক্স হইতে ব্যালট পত্র বাহির করিয়া প্রাপ্ত ব্যালট পত্রের সংখ্যা লিপিবদ্ধ করতঃ ভোট গণনা শুরু করিবেন। নিম্নলিখিত ক্ষেত্রে ব্যালট পত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

সহকারী রেজিস্ট্রার (চলতি দায়িত্ব)
রেজিস্ট্রারের পক্ষে
লেখক ও পাঠক
27 AUG 2024

০৪/০৭/২০২৪
নাসরিন সুলতানা
প্রশাসনিক কর্মকর্তা
বাণিজ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

ক. নির্বাচনী কর্মকর্তার স্বাক্ষর ও সীল না থাকিলে,

খ. নির্ধারিত সংখ্যক পদের অতিরিক্ত অথবা কম সংখ্যক প্রার্থীকে ভোট প্রদান করা হইলে; এবং

গ. কাটাকাটি, ওভার রাইটিং সম্বলিত অস্পষ্ট ও ব্যালট পত্রের নির্দেশাবলী লংঘন করিয়া পূরণকৃত ব্যালট পত্র। নির্বাচন বোর্ড উপরোক্ত বাতিলকৃত ব্যালট পত্র বাতিল পত্র, বান্ডিল বদ্ধ করিয়া উহার সংখ্যা লিপিবদ্ধ করিবেন।

২৬. নির্বাচন বোর্ড বৈধ ব্যালট পত্র সমূহ হইতে প্রত্যেক প্রার্থীর পক্ষে প্রদত্ত ভোট গণনা করিয়া লিপিবদ্ধ করিবেন। এই ভোট গণনায় নির্বাচন বোর্ড ও নির্বাচনী কর্মকর্তা ব্যতীত অন্য কেহ অংশগ্রহণ করিতে পারিবেন না।

২৭. নির্বাচন বোর্ড গ্রহণ ও গণনা শেষে নির্বাচনের ঘোষণা ও প্রকাশ করিবেন। অতঃপর নিম্নলিখিত নথিপত্র সমূহ পৃথকভাবে সীল স্বাক্ষরসহ বান্ডিল বদ্ধ করিয়া নির্বাচন বোর্ড ও নির্বাচন আপীল বোর্ডের যৌথ তত্ত্বাবধানে বিশেষ হেফাজতে সংরক্ষণ করিবেন।

ক. অব্যবহৃত ব্যালট পত্র ক্রমিক নং ও সংখ্যা উল্লেখ করিতে হইবে।

খ. বৈধ ব্যালট পত্র (সংখ্যা উল্লেখ করিতে হইবে)।

গ. বাতিল ঘোষিত ব্যালট পত্র (সংখ্যা উল্লেখ করিতে হইবে)।

ঘ. ব্যালট বহির সংযুক্ত সরবরাহকৃত ব্যালট পত্রের প্রথম অংশ ক্রমিক নং ও সংখ্যা উল্লেখ করিতে হইবে।

ঙ. গণনাকারী ও নির্বাচন বোর্ড কর্তৃক স্বাক্ষরিত ভোট গণনা পত্র সমূহ।

২৮. সংরক্ষিত উপর্যুক্ত নথিপত্র সমূহ কেবলমাত্র সংশ্লিষ্ট প্রার্থীর অথবা প্রার্থী বৃন্দের উপস্থিতিতে নির্বাচন আপীল বোর্ড, এফবিসিসিআই আর্বিট্রেশন ট্রাইব্যুনাল, সরকার অথবা মাননীয় আদালতের নির্দেশ মোতাবেক পরীক্ষার উদ্দেশ্যে বান্ডিল মুক্ত করা যাইবে।

## ১৭। হিসাব ও অডিট সংক্রান্ত নিয়মাবলীঃ

১. এসোসিয়েশনকে উহার নিবন্ধিত কার্যালয়ে নিম্নলিখিত বিষয়ে যথাযথ হিসাব বহি সংরক্ষণ করিতে হইবে, যথাঃ

২. এসোসিয়েশন কর্তৃক গৃহীত এবং ব্যয়কৃত সকল অর্থ এবং কোন কোন খাতে ব্যয় গৃহীত হইয়াছে তাহার বিবরণ। এবং

৩. সকল পরিসম্পদ ও দায়-দেনার বিবরণ।

৪. এসোসিয়েশন কর্তৃক গৃহীত সকল অর্থ রশীদ প্রদান করিয়া সংগ্রহ করিতে হইবে এবং গৃহীত অর্থ আবশ্যিক ভাবে এসোসিয়েশনের ব্যাংকের তহবিলে জমা করিতে হইবে। কেবল মাত্র প্রাপ্তি স্বীকার গ্রহণপূর্বক সংগঠন কর্তৃক সকল পাওনা পরিশোধ করিতে হইবে। দশ হাজার টাকার উর্ধ্বে সকল পাওনা চেকের মাধ্যমে পরিশোধ করিতে হইবে।

৫. কার্যনির্বাহী কমিটি একটি বার্ষিক ব্যালেন্সশীট এবং আয়-ব্যয়ের হিসাব, কোম্পানী আইনের বিধান অনুযায়ী অডিট ফার্মের মাধ্যমে সম্পন্ন করা হবে।

৬. কার্যনির্বাহী কমিটিকে বার্ষিক ব্যালেন্সশীট ও আয় ব্যয়ের নিরীক্ষিত হিসাব, নিরীক্ষকের প্রতিবেদন, কার্যনির্বাহী কমিটিকে বার্ষিক প্রতিবেদন মুদ্রিত করিয়া উক্ত বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠানের কমপক্ষে ১৪ (চৌদ্দ) দিন পূর্বে উক্ত সভায় যোগদানের অধিকারী সকল সদস্যকে বিনামূল্যে প্রেরণ করিতে হইবে।

৭. উপযুক্ত বিধানাবলী পালনের ক্ষেত্রে যুক্তিসঙ্গত পদক্ষেপ গ্রহণে ব্যর্থ হইলে সংশ্লিষ্ট কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ ছয় বৎসরের জন্য কোন বাণিজ্য সংগঠনের কার্যনির্বাহী কমিটির নির্বাচনে প্রার্থী হইতে পারিবেন না।

## ১৮। বার্ষিক সাধারণ সভাঃ

১. বার্ষিক পঞ্জিকা বৎসরে আবশ্যিকভাবে বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠান করিতে হইবে। প্রথম সাধারণ সভা নিবন্ধনের ৩০ দিন হইতে ৯০ দিনের মধ্যে অনুষ্ঠিত হইবে। নির্বাচন না হওয়া পর্যন্ত এডহক কমিটি সকল কার্য পরিচালনা করিবে।

২. নির্ধারিত নির্বাচন অনুষ্ঠান কিংবা আয়-ব্যয়ের হিসাব নিরীক্ষক কর্তৃক পরীক্ষা সম্পন্ন না হইলে উক্ত ব্যর্থতার কারণ বিবৃত করিয়া বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠান করিতে হইবে।

৩. উপযুক্ত রূপে সংগঠন উক্ত বার্ষিক সাধারণ সভা আহবান, অনুষ্ঠান ও পরিচালনার জন্য যেরূপ সমীচীন বলিয়া বিবেচনা করিবেন সেরূপ প্রয়োজনীয় আদেশ প্রদান করিবেন এবং তদানুযায়ী উক্ত বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হইবে।

৪. উপদফা (১) (২) ও (৩) এ বর্ণিত বিধান মোতাবেক বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠানের জন্য যুক্তিসংগত পদক্ষেপ গ্রহণ করিতে ব্যর্থ কার্যনির্বাহী কমিটির সভাপতি, সহ-সভাপতি ও পরিচালকগণ পরবর্তী ছয় বৎসর কোন বাণিজ্য সংগঠনের কার্যনির্বাহী কমিটির নির্বচনে প্রার্থী হইতে পারিবনে না।

নাসরিন ০৪/০৭/২০২৪
নাসরিন সুলতানা
প্রশাসনিক কর্মকর্তা
বাণিজ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

ঢাকা
সংশোধিত/সংযোজিত গঠনতন্ত্রের আলোকে বহিঃ
প্রত্যয়ন করা হইল
(অনন্ত কুমার পাল)
সহকারী রেজিস্ট্রার (চলতি দায়িত্ব)
রেজিস্ট্রারের পক্ষে
লেখক ও পাঠক
27 AUG 2024

৫. প্রতি বৎসর কার্যনির্বাহী কমিটি যেরূপ স্থানে ও সময়ে উপযুক্ত বলিয়া স্থির করে সেরূপ স্থানে ও সময়ে একটি সাধারণ সভার আয়োজন করিবে, যাহার কার্যাবলীর মধ্যে অন্তর্ভুক্ত হইবে বার্ষিক হিসাব এবং নিরীক্ষিত ব্যালেন্স শীট, তৎসংগে নিরীক্ষকের রিপোর্ট, পরবর্তী বৎসরের জন্য একটি প্রাক্কলিত বাজেট ও এসোসিয়েশনের কার্যাবলীর বিষয়ে সভাপতির রিপোর্ট এবং কার্যনির্বাহী কমিটির অনুমোদনক্রমে আলোচ্যসূচীতে অর্ন্তভূক্ত অন্য যে কোন বিষয়ে আলোচনা অনুষ্ঠিত হইবে। প্রতি দুই বৎসর অন্তর কার্যনির্বাহী কমিটির কর্মকর্তা নির্বাচন অনুষ্ঠিত হইবে এবং উক্ত বিষয় সেই বৎসরের সাধারণ সভার আলোচ্য সূচীতে অর্ন্তভূক্ত থাকিবে। সকল সদস্যগণের নিকট সভার আলোচ্যসূচী, নিরীক্ষিত হিসাব এবং সাধারণ সভার নোটিশ প্রেরণ করা হইবে। এরূপ সকল সভাকে বার্ষিক সাধারণ সভা নামে অভিহিত করা হইবে। এসোসিয়েশনের নিবন্ধনের তারিখ হইতে ৩ (তিন) মাস সময়ের মধ্যে প্রথম সাধারণ সভা অনুষ্ঠিত হইবে যাহার উদ্দেশ্য হইবে কার্যনির্বাহী কমিটির কর্মকর্তা এবং সদস্যগণকে নির্বাচন করা।

৬. এসোসিয়েশনের সাধারণ সদস্যগণকে স্বাভাবিক নোটিশ প্রদানের মাধ্যমে কার্যনির্বাহী কমিটির সদস্যগণের মোট সংখ্যার এক তৃতীয়াংশ অথবা বিশ জন সাধারণ সংখ্যার যেটি কম হয় সেই সংখ্যক সদস্যগণ তাহাদের প্রত্যেকের স্বাক্ষর প্রদানের মাধ্যমে বিশেষ সাধারণ সভা আহবান করিতে পারিবেন।

৭. উক্ত রূপে প্রত্যেক সভা আহবানের ক্ষেত্রে উক্ত সভার উদ্দেশ্যে বিবৃত করিয়া এসোসিয়েশনের রেজিস্ট্রার্ড অফিসে অবশ্যই দাখিল করিতে হইবে।

৮. সাধারণ সভা অনুষ্ঠানের কমপক্ষে ২১ (একুশ) দিন পূর্বে প্রত্যেক সদস্যের হাতে হাতে ডাকযোগে নোটিশ প্রদান করিতে হইবে তবে কোন বিশেষ সিদ্ধান্ত গ্রহণের ২১ দিন পূর্বে অবশ্যই উক্ত নোটিশ প্রদান করা প্রয়োজন হইবে। উক্ত নোটিশে সভা অনুষ্ঠানের তারিখ, সময় ও স্থানের উল্লেখ থাকিবে এবং বিশেষ ধরণের কার্যাবলী নির্বাহের উদ্দেশ্যে নোটিশ প্রদান না করা থাকিলে অথবা কোন সদস্য উক্তরূপে নোটিশ না পাইয়া থাকিলে এজন্য সধারণ সভায় গৃহীত কার্যক্রম বাতিল হইবে না।

৯. সভাপতি সকল সাধারণ সভার সভাপতিত্ব করিবেন। কিন্তু তিনি সভা অনুষ্ঠানের নির্ধারিত সময়ের পর ১৫ মিনিট যাবৎ অনুপস্থিত থাকিলে সেক্ষেত্রে সিনিয়র সহ-সভাপতি সভাপতিত্ব করিবেন। যদি সভাপতি ও সিনিয়র সহ-সভাপতি এর মধ্যে কেহই উপস্থিত না থাকেন তবে উপস্থিত সহ-সভাপতিগণের মধ্যে হইতে কাহাকে উক্ত সভার সভাপতি নির্বাচন করিবেন।

১০. সাধারণ সভায় উপস্থিত প্রতিটি বিষয়ে সংখ্যা গরিষ্ঠের মতামত অনুযায়ী সিদ্ধান্ত গ্রহণ করা হইবে।

১১. সাধারণ সভায় হাত উত্তোলনের মাধ্যমে সাধারণ ভোট গৃহীত হইবে। তবে কোন সদস্য এইরূপ প্রস্তাব করিতে পারেন যে, গোপন ব্যালটের মাধ্যমে ভোট গৃহীত হোক। যদি সভা উক্ত প্রস্তাবের পক্ষে থাকে তবে সভাপতি কিরূপে ভোট গ্রহণ করা হইবে উহার সিদ্ধান্ত গ্রহণ করিবেন এবং তাহার সিদ্ধান্তই চূড়ান্তরূপে গণ্য হইবে।

১২. সভার সংক্ষিপ্ত কার্যনির্বাহী এতদউদ্দেশ্যে প্রদত্ত বইতে সংরক্ষণ করা হইবে যাহাতে সাধারণ সভাসমূহের কার্যবিবরণী লিপিবদ্ধ থাকিবে এবং যদি এইরূপ লিখিত কার্যবিবরণী উক্ত সভার সভাপতি অথবা পরবর্তী সাধারণ সভার সভাপতি কর্তৃক স্বাক্ষরিত হয় তবে উহাতে বিবৃত তথ্য অন্য কোন প্রমাণ ব্যতীত সাক্ষ্য হিসাবে গ্রহণ করা হইবে।

১৩. সাধারণ সভা সংখ্যাগরিষ্ঠ ভোটে সদস্যদের মধ্য হইতে একটি উপদেষ্টা পরিষদ গঠন করিবেন। পরিচলনা পর্ষদ সময়ে সে মতে বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে উপদেষ্টা পরিষদকে যথাযথ ভূমিকা পালন ও পরামর্শ প্রদানের অনুরোধ করিতে পারিবেন এবং সংগঠনের স্বার্থে যে কোন বিষয়ে তাহারা স্বেচ্ছা প্রনোদিত হইয়া সংশ্লিষ্ট কাজ করার জন্য পরিচালনা পর্ষদকে উদ্বুদ্ধ করিতে পারিবেন।

১৪. কোন সভায় কার্য আরম্ভের সময় কোরাম না হইলে, লভ্যাংশ ঘোষনা ব্যতীত অন্য কোন কার্য উক্ত সভায় সম্পাদন করা যাইবে না। সভা অনুষ্ঠানের সময় কোম্পানির মোট সদস্য সংখ্যা দশের অধিক না হইলে, পাঁচজন সদস্যের উপস্থিতিতে কোরাম হইবে এবং সদস্য সংখ্যা দশের অধিক হইলে প্রতি পাঁচজন অতিরিক্ত সদস্যের জন্য উক্ত কোরাম সংখ্যার সহিত একজন সংযোজিত হইবে, তবে কোন অবস্থাতেই কোরাম সংখ্যা দশের অধিক হইবে না।

নাসরিন
০৪/০৭/২০২৪
নাসরিন সুলতানা
প্রশাসনিক কর্মকর্তা
বাণিজ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

জয়েন্ট স্টক কোম্পানিজ ও ফার্মসমূহের পরিদপ্তর
ঢাকা
অবিকল নকল বলিয়া প্রত্যায়ন করা হইল
(অনন্ত কুমার পাল)
সহকারী রেজিস্ট্রার (চলতি দায়িত্ব)
রেজিস্ট্রারের পক্ষে
লেখক ও পাঠক।
27 AUG 2024

১৯। সাধারণ নীতিঃ

১. এসোসিয়েশনের সাধারণ কার্যক্রম সংক্রান্ত বিষয়ে বৎসর বলিতে ১লা জানুয়ারী হইতে ৩১ শে ডিসেম্বর পর্যন্ত বাৎসরিক পঞ্জিকা বৎসর বুঝাইবে।

২. সাধারণ সভায় গৃহীত কোন সিদ্ধান্ত উক্তরূপে সিদ্ধান্ত গৃহীত হইবার তারিখ ৪ মাসের মধ্যে পরিবর্তন করা যাইবে না যদি না উক্তরূপ পরিবর্তনে তৎকালে বৈধ সদস্যগণের দুই তৃতীয়াংশ সদস্য অথবা মোট সাধারণ সদস্যগণের দুই তৃতীয়াংশের সমর্থন থাকে।

৩. এসোসিয়েশনের যে কোন ব্যক্তি বা ব্যক্তিগণ যাহারা এসোসিয়েশনের প্রতি অনুরোধ তাহাদের উৎসর্গকৃত দান, অনুদান অথবা অন্য কোনরূপ চাঁদা গ্রহণ করিতে পারিবে।

৪. এসোসিয়েশন বাংলাদেশে বা উহার বাহিরে শাখা অফিস স্থাপন এবং সময়ে সময়ে নিজের জন্য বিধি, উপবিধি এবং নিয়মকানুনসমূহ প্রণয়ন করিতে পারিবে। শর্ত থাকে যে বাংলাদেশ সরকারের পূর্বানুমোদন ব্যতীত বাংলাদেশের বাহিরে এসোসিয়েশনের কোন শাখা স্থাপন করা যাইবে না।

২০। দায়মুক্তিঃ

ক. এসোসিয়েশনের তহবিল হইতে উহার কর্মকর্তা ও অফিস কর্মচারীবৃন্দ এসোসিয়েশনের স্বার্থে ও সৎ উদ্দেশ্যে কোন কাজের জন্য কৃত লোকসান এবং খরচসমূহ পরিশোধ করা কমিটির দায়িত্ব এবং উক্ত খরচ কমিটির কর্মকর্তাবৃন্দ কর্তৃক কোন কাজ অথবা সম্পাদিত বিষয়ে, যাহা তাহারা অফিসের দায়িত্ব পালন কালে সম্পাদন করিয়াছে উহার অর্থ ও খরচ সমূহ প্রদানের জন্য এসোসিয়েশন দায়ী থাকিবে। উহার আদায়ের উদ্দেশ্যে এসোসিয়েশনের সম্পত্তির সাথে সংযোগ অথবা লীয়েন উদ্দেশ্যে এবং উক্ত অর্থের দাবী সদস্যগণের নিকট হইতে সকল দাবীর মধ্যে অগ্রাধিকার লাভ করিবে।

খ.পরিচালনা পর্ষদের সিদ্ধান্তক্রমে খরিদকৃত কোন সম্পত্তির ক্ষেত্রে লোকসানমূলক খরচ হইলে, অথবা উক্ত সম্পত্তির স্বত্বের ক্ষেত্রে অসম্পূর্ণতা বিরাজ করিলে, অথবা এসোসিয়েশনের কোন অর্থ কোন সিকিউরিটিতে বিনিয়োগের ক্ষেত্রে উক্ত সিকিউরিটি অপর্যাপ্ত অথবা অসম্পূর্ণ হইলে অথবা কোন ব্যাংক দেউলিয়া হইলে অথবা কোন কর্তৃপক্ষ বা ব্যাংকের অন্যায় কাজের ফলে কোন ক্ষতি হইলে অথবা সিদ্ধান্তের কোন ভুল হইলে অথবা কোন বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নজর এড়াইয়া গেলে অথবা অন্য কোন প্রকারে ক্ষতি বা বিনষ্ট অথবা দুর্ভাগ্যক্রমে সংঘটিত হইলে, যাহা তাহার অফিসের দায়িত্ব পালন কালে অথবা সংশ্লিষ্ট কাজে ঘটিয়াছে, যদি না উক্ত ক্ষতি তাহার নিজ সততা অথবা ইচ্ছাকৃত অবহেলা দ্বারা ঘটিয়া থাকে, তবে কমিটির কোন সদস্যকে দায়ী করা যাইবে না।

২১। ব্যাংক হিসাব পরিচালনাঃ

এসোসিয়েশনের হিসাব পরিচালনার জন্য যে কোন তফসিলী ব্যাংকে একটি হিসাব খোলা হবে এবং তা সভাপতি ও কোষাধ্যক্ষ অনুমোদিত একজন অফিস বেয়ারার এর যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে।

২২। সালিসি ট্রাইব্যুনালঃ

এসোসিয়েশন-এর সদস্যদের মধ্যে যে কোন বাণিজ্যিক বিরোধ নিষ্পত্তির জন্য পরিচালনা পর্ষদ কর্তৃক গঠিত ৩ সদস্যের একটি সালিসি ট্রাইব্যুনাল থাকিবে। ট্রাইব্যুনাল বিরোধীয় পক্ষবৃন্দের উপযুক্ত শুনানী গ্রহণপূর্বক সিদ্ধান্ত প্রদান করিবেন। সিদ্ধান্তের বিরুদ্ধে কেউ সংক্ষুব্ধ হলে তিনি এফবিসিসিআই আর্বিট্রেশন ট্রাইব্যুনালের শরণাপন্ন হইতে পারবেন।

২৩। সংঘ-বিধি সংশোধনঃ

এসোসিয়েশন-এর সংঘ বিধি অথবা কোন অনুচ্ছেদ, উপ-অনুচ্ছেদ সংশোধন কিংবা পরিবর্তন করিতে হইলে কোম্পানী আইন ও ট্রেড অর্গানাইজেশন আইনের বিধি ব্যবস্থায় করিতে হইবে এবং বাণিজ্য মন্ত্রণালয় হইতে পূর্বানুমোদন গ্রহণ করিতে হইবে। উপস্থিত সদস্যদের তিন চতুর্থাংশের মতামতের ভিত্তিতে এই ব্যাপারে ইজিএম-এ সিদ্ধান্ত গ্রহণ করা যাইবে এবং সিদ্ধান্তের কপি বাণিজ্য মন্ত্রণালয় এবং নিবন্ধক, যৌথ মূলধন কোম্পানী ও ফার্মসমূহের পরিদপ্তর নিকট অনুমোদনের জন্য প্রেরণ করিতে হইবে।

নাসরিন
০৬/০৭/২০২৪
নাসরিন সুলতানা
প্রশাসনিক কর্মকর্তা
বাণিজ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

ঢাকা
অবিকল নকল বলিয়া
প্রত্যায়ন করা হইল

(অনন্ত কুমার পাল)
সহকারী রেজিস্ট্রার (চলতি দায়িত্ব)
রেজিস্ট্রারের পক্ষে।
লেখক ও পাঠক।
27 AUG 2024

আমরা নিম্নস্বাক্ষরকারিগণ যাহাদের নাম ও ঠিকানা দেওয়া হইল সকলে একত্রিত হইয়া উপরিপ্রেক্ষিত সংঘ বিধি অনুসারে (Interior Designers Association of Bangladesh) গঠনে সম্মত হইয়া নিজ নিজ স্বাক্ষর প্রদান করিলাম।

| ক্রঃ নং | নাম-ঠিকানা ও টিআইএন | ছবি | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | শফিউল ইসলাম<br>পোর্চ ইন্টেরিয়র<br>৫২৬ উত্তর শাহাজাহান পুর, ঢাকা-১২১৭<br>টিআইএন: [illegible]<br>এনআইডি: ৯১৩৩৭৬৫১৫৭<br>ফোন: ০১৭১১৫৪০৯৮৯<br>ই-মেইল: shafi.babu.my@gmail.com |  | Sd/-Illegible |
| ০২. | সৈয়দ কামরুল আহসান<br>এলকোড<br>৮৯/২ তেজতুরী বাজার চকলেন, পূর্ব রাজা বাজার।<br>ফ্ল্যাট -৫/এ হক চেম্বার, ঢাকা।<br>টিআইএন: ১২৪২১৪৮০৩৫৬৬<br>এনআইডি: ১৯২৩৭৫৬৮৯২<br>ফোন: ০১৭১৩০৪০৫০৬<br>ই-মেইল: quamrul777@gmail.com |  | Sd/-Illegible |
| ০৩. | আর্কিটেক্ট মোঃ সজিব জাহান<br>ডি ডাব্লিউ এল<br>বাড়ী- ৩৯, রোড-৩৭, গুলশান-২, ঢাকা।<br>টিআইএন: ২৮১৪২৮৫৭৭৯২৮<br>এনআইডি: ১৯৮২৬৭২৫৮১৯৩১৩৩৪৪<br>ফোন: ০১৭০৩৪০০০৫৪<br>ই-মেইল:dwlbd.arch@gmail.com |  | Sd/-Illegible |
| ০৪. | মোঃ সাইফুল ইসলাম<br>ক্রিয়েটিভ সার্কেল লিঃ<br>১ম শহীদ তাজউদ্দিন আহমেদ সরণী রাজ্জাক প্লাজা<br>(৪র্থ তলা), ৪ বি মগবাজার, ঢাকা।<br>টিআইএন: ২৬০১৫৬২৯০২৭৯<br>এনআইডি: ২৬৯৪৮১৪৯০৪০৭৮<br>ফোন: ০১৭২২৫৪৯৩৬<br>ই-মেইল:creativecircleltd@gmail.com |  | Sd/-Illegible |
| ০৫. | মোহাম্মদ আমিনুল ইসলাম শিকদার<br>আর্কেডিয়া<br>৭৫, মিরপুর রোড, বি এস ভবন (ল্যাবোরেটরী রোড)<br>ঢাকা।<br>টিআইএন: ২৩০৩২০৩৯০৭৪৬<br>এনআইডি: ২৬১১০৩৮৭৯২২১৫<br>ফোন: ০১৭১১০১৯৮০<br>ই-মেইল: readia.interior@gmail.com |  | Sd/-Illegible<br>০৪/০৭/২০২৪<br>প্রশাসনিক কর্মকর্তা<br>বাংলাদেশ সচিবালয়, ঢাকা |

Sd/-Illegible
MD. RAFIQUL ISLAM
Advocate
Dhaka Bar Association

সহকারী রেজিস্ট্রার (চলতি দায়িত্ব)
রেজিস্ট্রারের পক্ষে
লেখক ও পাঠক
27 AUG 2024
Sd/-Illegible

| ক্র নং | নাম-ঠিকানা ও টিআইএন | ছবি | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০৬. | মোঃ পিয়া সরকার<br>কনসেন্ট ইন্টেরিয়ার<br>মধ্য বাউশিয়া গজারিয়া, মুন্সীগঞ্জ।<br>টিআইএন: ১৩৯৬৩৭৯৯৩৫০১<br>এনআইডি: ৫৯১২৪২১১৪৭০৭৬<br>ফোন: ০১৮১৫২২৮০৯২<br>ই-মেইল: piasarkerinfo@gmail.com |  | Sd/-Illegible |
| ০৭. | আর্কিটেক্ট মোহাম্মদ ইসমাইল পারভেজ<br>ইকোওয়েভ<br>৭/৩, নিউ ইস্কাটন রোড রমনা, ঢাকা-১০০০।<br>টিআইএন: ৫৭৪১২৮৯৫৬১১<br>এনআইডি: ৫৫৩৭৯০৬৩৮৯<br>ফোন: ০১৯১২৪৪৪১১১<br>ই-মেইল:ecowave.bd@gmail.com |  | Sd/-Illegible |
| ০৮. | মোঃ ইরফান মোল্লা<br>ইমকম<br>৮৭, হাজী ইসমাইল রোড, শেখপাড়া, খুলনা।<br>টিআইএন: ১৭৭১০৩৭৫৬৯৯৯<br>এনআইডি: ৫৫৪০৫২৯২৭৭<br>ফোন: ০১৭১১৩২৯২৭৫<br>ই-মেইল:incomint2017@gmail.com |  | Sd/-Illegible |
| ০৯. | রোকসানা হোসেন<br>ইন্টেরিয়র ডিজাইন এন্ড কমিশন এজেন্ট<br>২০/এ নাসিরবাদ, চট্টগ্রাম।<br>টিআইএন: ৫৫০৪২৩২৪৭৮৫৬<br>এনআইডি: ১৯১২০৬১৫৪৯<br>ফোন: ০১৭৩৭৬৮৬০১০<br>ই-মেইল: roksanahossen@gmail.com |  | Sd/-Illegible |
| ১০. | এ এ কে এম শহীদুল্লাহ চৌধুরী<br>শেপ ইন্টেরিয়র এন্ড আর্কিটেচার<br>৮৬/৩০৪ ইয়াকুব ট্রেড সেন্টার (৪র্থ তলা)<br>টিআইএন: ৬৮৫৯১৯৪৪০০৪৩<br>এনআইডি: ৭৩৩১৭৯৬৩৮৮<br>ফোন: ০১৮১৯৬১১৮৭৬<br>ই-মেইল: shape_shahid@yahoo.com |  | Sd/-Illegible |

Sd/-Illegible
MD. RAFIQUL ISLAM
Advocate
Dhaka Bar Association

অবিকল নকল বলিয়া প্রত্যায়ন করা হইল
Sd/-Illegible
নাসরিন সুলতানা
(অনন্ত কুমার বিশ্বাস) এম.এস, এল,এল,বি
সহকারী রেজিস্ট্রার (সাটিফাইড) ... কোর্ট
রেজিস্ট্রারের ... কোর্ট
লেখক ও পাঠক
27 AUG 2024

নাসরিন
০৪/০৭/২০২৪
নাসরিন সুলতানা
প্রশাসনিক কর্মকর্তা
বাণিজ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

| ক্র নং | নাম-ঠিকানা ও টিআইএন | ছবি | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১১. | মোঃ এনামুল হক<br>ইনটেরিয়র কনসেপ্টস<br>৩২৩, আফতাব টাওয়ার, পূর্ব রামপুরা, ডি.আই.টি রোড, ঢাকা-১২১৯<br>টিআইএন:০০০৮৯৬৭৬৫-০২০২<br>এনআইডি: ৪১৫৩৫১৩৯০০<br>ফোন: ০১৬১৮৯০০৫৫৫<br>ই-মেইল: interior.concepts.bd@gmail.com |  | Sd/-Illegible |
| ১২ | এমডি মাজহারুল ইসলাম<br>আর্কেডিয়া<br>৭৫, মিরপুর রোড, বি এন ভবন (ন্যাবরেটারী রোড), ঢাকা।<br>টিআইএন: ৭৬৭৫৫৬২৯৭৪২১<br>এনআইডি: ৫০৯৮৭৩১৭৬৭<br>ফোন: ০১৭১১১১২১৬৯<br>ই-মেইল: rcadia.interior@gmail.com |  | Sd/-Illegible |
| ১৩. | মোঃ মাসুদ রানা ভূইয়া<br>সিগনেচার<br>বাড়ি নং-১২৭/৩, কিলক্ষেত, ঢাকা-১২২৯<br>টিআইএন: ৬৭৮৫৩২১৭০৬৭৩<br>এনআইডি: ৫৯৫৩১১৫৫৯৮<br>ফোন: ০১৭৩২৩৬৪৮৩৫<br>ই-মেইল: info@signaturebd.com |  | Sd/-Illegible |
| ১৪ | মুহাম্মদ শরীফুল ইসলাম<br>ডিজাইন সেপি আর্কিটেকচার এন্ড ইন্টেরিয়র<br>৩৫, নয়াপল্টন, ঢাকা-১০০০০<br>টিআইএন:৬৭১১৮৩৬২৮৫৩৯<br>এনআইডি:১০২২৫৫৪৯৪১<br>ফোন:০১৭৪৯৮৫৬১৪০<br>ই-মেইল: l.ar.sharif@gmail.com |  | Sd/-Illegible |
| ১৫ | এচ.এম. মহিউদ্দিন সুমন<br>ডিজাইন ল্যাব<br>১৪/এ ৩/এ জিগাতলা, ধানমন্ডি, ঢাকা-১২০৯<br>টিআইএন: ৮৩৮০৬৮৫৯৩৩৭৮<br>এনআইডি: ৫৫২২০৬৮৯৪৮<br>ফোন: ০৭১২২৫৪৪৬৬৫<br>ই-মেইল: mahi@designlab247.com |  | Sd/-Illegible<br>নাসরিন<br>০৪/০৭/২০২৪<br>নাসরিন সুলতানা<br>প্রশাসনিক কর্মকর্তা<br>বাণিজ্য মন্ত্রণালয়<br>বাংলাদেশ সচিবালয়, ঢাকা |

Sd/-Illegible

MD RAFIQUL ISLAM
Advocate
Dhaka Bar Association

(অনন্ত কুমার পাল)
সহকারী রেজিষ্ট্রার (চলতি দায়িত্ব)
রেজিস্ট্রারের পক্ষে।
লেখক ও পাঠক।

27 AUG 2024

Sd/-Illegible

| ক্রঃ নং | নাম-ঠিকানা ও টিআইএন | ছবি | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১৬ | মুহাম্মদ রুহুল আমীন<br>প্রিভিউ আর্কিটেক্স ইঞ্জিনিয়ারাস<br>প্লট নং-২৫, রাজলক্ষী কমপ্লেক্স<br>টিআইএন: ৮৭৫৫৭৮৬৭৯৪৪৫<br>এনআইডি: ৫৯৫৪২৩৬৬০৯<br>ফোন: ০১৮১৯২৫২৯৮৯<br>ই-মেইল: previewbd@gmail.com |  | Sd/-Illegible |
| ১৭ | মোঃ আবদুর রহিম<br>এ. আর. কর্পোরেশান<br>৬ পুরানা পল্টন, (৪র্থ তলা) ঢাকা-১০০০<br>টিআইএন: ১২৭০৪৭৭০৯৪৭৯<br>এনআইডি: ১৯৯১৫১১১৪৩১৩০০০০৩৮<br>ফোন: ০১৮৭৬২৭৮৫৯৩<br>ই-মেইল: azmalgroup@gmail.com |  | Sd/-Illegible |
| ১৮ | সুমন কুমার<br>কারিগর ইন্টেরিয়র<br>৬৩/১ শুকরাবাদ, ঢাকা<br>টিআইএন: ৭৫০৬৭৫২২৩০৩৬<br>এনআইডি: ১৯৯১৮৮১৮৯৫২০০০১১১<br>ফোন: ০১৭১০৭৬২৩৩৩<br>ই-মেইল:<br>sumonpramanik71@gmail.com |  | Sd/-Illegible<br>সুমন কুমার |
| ১৯ | মোঃ রকিবুল হাসান<br>ডিফারেন্ট কনসেপ্ট<br>১২০, পূর্ব তেজতুরি বাজার, তেজঁগাও ঢাকা।<br>টিআইএন: ৭২০৭৬৪১৭৩৭৮৮<br>এনআইডি: ৬৪২৯০৫৮১০৭<br>ফোন: ০১৭১১১১৯০১৫১<br>ই-মেইল: methela.trade1@gmail.com |  | Sd/-Illegible |

Sd/-Illegible
MD RAFIQUL ISLAM
Advocate
Dhaka Bar Association

Sd/-Illegible
নাসরিন সুলতানা
এম. এস. এস., এল.এল.বি
এডভোকেট
ঢাকা জজ কোর্ট

অবিকল নকল হিসাবে প্রত্যয়ন করা হইল
(... কুমার পাল)
সহকারী রেজিস্ট্রার (চলতি দায়িত্ব)
রেজিস্ট্রারের পক্ষে।
লেখক ও পাঠক
27 AUG 2024

Sd/-Illegible
নাসরিন
০৪/০৭/২০২৪
... সুলতানা
প্রশাসনিক কর্মকর্তা
... মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা